## Queens
ডিস্ট্রিক্ট 19–32, 34

আগাম ভোট
17–25 জুন

নির্বাচনের দিন
27 জুন

## 2023 প্রাথমিক নির্বাচন
## সিটি কাউন্সিল

# ভোটার গাইড



আরও জানুন
bengali.nycvotes.org-এ

NYC VOTES
নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ

# 2023 NYC ভোটার গাইড

**আপনার ডিস্ট্রিক্টে আপনার পার্টির প্রার্থীদের সবচেয়ে নবীনতম তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

### আমি কখন ভোটপ্রদান করব?

- মঙ্গলবার, 27 জুন প্রাথমিক নির্বাচন।
- আপনি শনিবার, 17 জুন থেকে রবিবার, 25 জুন পর্যন্ত আগাম ভোট দিন পারেন।
- সোমবার, 26 জুন কোন আগাম ভোট নেই।

### আমি কী উদ্দেশ্যে ভোটপ্রদান করব?

**অফিসগুলি**

- সিটি কাউন্সিল
- ডিস্ট্রিক্ট অ্যাটর্নি
- নাগরিক আদালত

**পার্টি সম্পর্কিত পদগুলি**

- বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ
- বিচারিক কনভেনশনের বিকল্প নির্বাচিত প্রতিনিধিরা
- স্টেট কমিটি
- কাউন্টি কমিটি
- ডিস্ট্রিক্ট নেতা

আপনার ব্যালটে নির্দিষ্ট অফিস নির্ভর করে আপনি কোথায় থাকেন এবং আপনি কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত। **bengali.nycvotes.org/candidates**-এ আপনার ব্যালট দেখুন।

**bengali.nycvotes.org-এ আরও জানুন!**

## নির্বাচনের তারিখ এবং শেষ তারিখগুলি

| | |
|---|---|
| **12 জুন** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (অনলাইন বা ডাকযোগে)<br>*আপনি যদি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মটি ডাকযোগে পাঠান, তাহলে নির্বাচন বোর্ডের কাছে তা অবশ্যই এই তারিখের মধ্যে এটি পৌঁছে যেতে হবে। |
| **17 জুন** | **ভোটার নিবন্ধনের শেষ তারিখ** |
| **17 জুন** | **আগাম ভোট শুরু হবে** |
| **25 জুন** | **আগাম ভোট শেষ হবে** |
| **26 জুন** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (নির্বাচন বোর্ড অফিসে ব্যক্তিগতভাবে) |
| **27 জুন** | প্রাথমিক নির্বাচনের দিন (সকাল 6:00 টা - রাত 9:00 টা)<br>**আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পোস্টমার্ক করার বা এটি একটি পোল সাইটে গিয়ে পৌঁছে দেওয়ার শেষ তারিখ** |

## সূচীপত্র


3 কীভাবে ভোটপ্রদান করবেন
4 আপনার পোল সাইটে কী আশা করা যায়
5 একজন ভোটার হিসেবে আমার অধিকারসমূহ কী?
6 অ্যাক্সেসযোগ্যতা
7 নমুনা ব্যালট
8 র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা
10 নির্বাচিত কর্মকর্তারা কী করেন?
11 সিটি কাউন্সিল সম্পর্কে।
14 ব্যালটে মজুদ প্রার্থীরা
45 NYC Votes সম্পর্কে
46 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নগুলি
48 নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন

# কীভাবে ভোটপ্রদান করতে হবে

## পোল সাইট এবং ভোটপ্রদানের সময়সূচী

**আপনার পোল সাইট কোথায় রয়েছে এবং ভোটপ্রদানের সময় খুঁজে নিন:**

- **bengali.nycvotes.org**-এ যান।
- NYC নির্বাচন বোর্ডকে কল করুন 866-VOTE-NYC (866-868-3692) -এ বা TTY 212-487- 5496-এ।

## নির্বাচনের দিন

নির্বাচনের দিন, 27 জুন, সকাল 6:00 টা থেকে 9:00 টা পর্যন্ত ভোট খোলা থাকে। আপনাকে অবশ্যই আপনার পোল সাইটে ভোট দিতে হবে।

**পোল সাইটের স্থান পরিবর্তন হতে পারে এজন্য আপনি যাওয়ার আগে অবশ্যই চেক করুন!**

## আগাম ভোট দান

নির্বাচনের দিন আপনি ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন পারেন!

**কী জানা দরকার**

- আপনার একটি নির্ধারিত আগাম ভোট সাইট রয়েছে, যা সম্ভবত আপনার নির্বাচনের দিনের পোল সাইট থেকে আলাদা।
- সময়সূচি প্রতিদিন পরিবর্তিত হয়, তাই যাওয়ার আগে আপনার পোল সাইটটি চেক করুন এবং সেটির সময়সূচি নিশ্চিত করুন।

**আগাম ভোট দানের তারিখগুলি**

শনিবার, 17 জুন থেকে রবিবার, 25 জুন।

## ডাক যোগে ভোট দিন

আপনার যদি কোনো বৈধ কারণ থাকে, যেমন নির্বাচনের দিন নিউ ইয়র্ক থেকে দূরে থাকা বা অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন।

12 জুন হচ্ছে আপনার ব্যালট অনলাইনে অনুরোধ করার, অথবা নির্বাচন বোর্ডর কাছে ডাকযোগে আপনার অনুরোধটি পৌঁছানোর শেষ তারিখ।

আপনি যদি ডাকযোগে ভোট দেওয়ার পরিকল্পনা করেন তবেই কেবল অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করুন। আপনি যদি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরে ব্যক্তিগতভাবে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোটপ্রদান করতে হবে।

**কীভাবে আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করবেন:**

- **nycabsentee.com**-এ যান।
- শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।
- আপনার স্থানীয় NYC নির্বাচন বোর্ডের অফিসে যান। ব্যক্তিগতভাবে আপনার অনুরোধ জমা দেওয়ার শেষ তারিখ 26 জুন।

**আপনার যদি দৃষ্টি সংক্রান্ত অক্ষমতা থাকে বা প্রতিবন্ধকতা থাকে**

স্ক্রিন রিডার দ্বারা আপনার ব্যালট পড়ে শোনানোর জন্য, আপনি **nycabsentee.com/accessibility**-এ বা উপরের নম্বরে কল করে একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন।

**আপনার ব্যালট ট্র্যাক করুন**

আপনি **nycabsentee.com/tracking**-এ গিয়ে NYC নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালট ট্র্যাক করতে পারেন।

# আপনার পোল সাইটে কী আশা করা যায়

## পৌঁছানোর পরে চেক ইন করুন

আপনি যখন প্রবেশ করবেন, তখন একজন ভোট কর্মী আপনাকে দেখিয়ে দেবেন কোথায় সাইন ইন করতে হবে। তারা নিবন্ধিত ভোটারদের তালিকায় আপনাকে খুঁজবে এবং আপনাকে ব্যালট দেওয়ার আগে আপনার স্বাক্ষর যাচাই করবে।

**উপদেশ: আপনি যদি নির্বাচন বোর্ড থেকে ডাকযোগে একটি ফাস্ট পাস পেয়ে থাকেন, তাহলে দ্রুত চেক ইন করার জন্য সেটি আপনার সঙ্গে নিয়ে আসবেন!**

*ভোট দেওয়ার জন্য আপনাকে আইডি দেখাতে হবে না, যদি না আপনি প্রথমবার ভোটপ্রদানকারী হন যিনি ভোটপ্রদান করতে নিবন্ধন করার সময় DMV বা সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করেননি।

## আপনার ব্যালট পূরণ করুন

আপনার পছন্দের পাশে দেওয়া ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন। আপনি যখন সিটি কাউন্সিলের জন্য ভোট দেন, আপনি শুধুমাত্র একটি পছন্দ করার জায়গায় পাঁচটি পর্যন্ত পছন্দ করতে পারেন।

আপনি যদি কোনো ভুল করেন বা আপনার ব্যালট সম্পর্কে যদি কোনো প্রশ্ন থাকে, আপনি একজন ভোট কর্মীর কাছে সাহায্য চাইতে পারেন!

*আপনার ব্যালটের উভয় দিক যাচাই করে নিতে ভুলবেন না যাতে আপনি কিছু ছেড়ে না দেন।

## আপনার ব্যালট স্ক্যান করুন

একবার আপনার ব্যালট পূরণ করা হয়ে গেলে, একজন ভোট কর্মী আপনাকে স্ক্যানারে আপনার ব্যালট ঢোকাতে সাহায্য করবেন। আপনার ভোটপ্রদান হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানাবে।

## আপনার স্টিকার প্রাপ্ত করুন

আপনার স্টিকার নিন! এটি পরুন, এটি দেখান এবং নিশ্চিত করুন যে আপনার বন্ধুরা এবং পরিবারও যাতে ভোট দেওয়ার পরিকল্পনা করেন।

# একজন ভোটার হিসাবে আমার অধিকারসমূহ কী?

## সাধারণ নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার থাকবে যদি:

- আপনি আপনার ডিস্ট্রিক্টে প্রাথমিক নির্বাচনে প্রতিভাগি একটি পার্টিতে নিবন্ধিত একজন ভোটার।
- বন্ধ হওয়ার সময়ের মধ্যে আপনি আপনার পোল সাইটে লাইনে থাকেন।

## যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি থাকবে:

- সাহায্যের জন্য একজন ভোট কর্মীকে জিজ্ঞাসা করুন, বা আপনার যদি কোন ভাষাগত সহায়তার প্রয়োজন হয়, তবে একজন দোভাষীর অনুরোধ করুন। দোভাষী সম্পর্কে আরও তথ্যের জন্য শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।
- আপনাকে ভোটপ্রদান করতে সহায়তা করার জন্য কাউকে (আপনার নিয়োগদাতা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) সঙ্গে নিয়ে আসুন।
- আপনার সঙ্গে এই ভোটার গাইডটি সহ অন্যান্য মুদ্রিত প্রকাশনা নিয়ে আসুন।
- যদি ভোটপ্রদান করার মেশিন নষ্ট থাকে, তথাপি ভোটপ্রদান করুন।
- যদি আপনার পোল সাইটে ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তবে এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোটপ্রদান করুন।
- একটি অ্যাক্সেসযোগ্য ভোট কেন্দ্র যা শারীরিক প্রতিবন্ধকতা মুক্ত।
- আপনার ব্যালট জমা দিতে একটি অ্যাক্সেসযোগ্য ভোট দান করার মেশিন ব্যবহার করুন।
- আপনার যোগ্যতা বা অক্ষমতা নির্বিশেষে ভোট দিন।

## অপরাধী বা অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত ব্যক্তিদের ভোট দেওয়ার অধিকার:

- অন্যায় এবং লঙ্ঘনের ক্ষেত্রে দোষী সাব্যস্ততা আপনাকে ভোট দেওয়া থেকে আটকায় না, এমনকি আপনি জেলে থাকলেও।
- যদি আপনি বর্তমানে একটি অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাবাসে থাকেন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অযোগ্য। যাইহোক, যদি আপনি একটি অপরাধমূলক কার্যের জন্য দোষী সাব্যস্ত হন এবং আপনার সাজা স্থগিত থাকে, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি কোনো অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন এবং আপনি কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন, তাহলে আপনি ভোট দিতে পারবেন। তবে, আপনাকে আবার ভোটপ্রদান করতে নিবন্ধন করতে হবে।
- আপনার যদি অপরাধমূলক কার্যে ফেডারেল দোষী সাব্যস্ত হন বা অন্য স্টেটে অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন, তাহলেও হয়তো আপনি নিউ ইয়র্কে নিবন্ধন করতে এবং ভোট দিতে পারেন।
- যদি আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে থাকেন, তাহলেও আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি বর্তমানে কোনো অপরাধমূলক কার্যের জন্য জেলে থাকেন বা বিচারের অপেক্ষায় থাকেন, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।

## আপনার সহায়তা প্রয়োজন হলে কার সাথে যোগাযোগ করবেন:

- আপনার পোল সাইটে কোনো সমস্যা হলে, একজন ভোট কর্মীকে বলুন বা **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
- আপনার অধিকার লঙ্ঘন হলে, একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবকের সাথে কথা বলার জন্য এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার জন্য **866-OUR-VOTE (866-687-8683)**-এ ইলেকশন প্রোটেকশন হটলাইনে কল করুন।
- **(866) 390-2992**-এ কল করে বা **ag.ny.gov/election-hotline**-এ গিয়ে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলকে আপনার অভিযোগ জানান।

# অ্যাক্সেসযোগ্যতা

**নিউ ইয়র্কের প্রতিটি ভোটারের গোপনীয় ও স্বতন্ত্রভাবে ব্যালট ভোট দান করার অধিকার রয়েছে। অক্ষমতার কারণে বা সীমিত ইংরেজী দক্ষতার কারণে আপনার ব্যালট পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তবে সহায়তা পাওয়া যাবে।**

## অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট

আপনি যদি দৃষ্টি প্রতিবন্ধী হন বা কোনও কাগজের ব্যালট চিহ্নিত করতে না পারেন তাহলেও আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন। আপনি একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন যা একটি স্ক্রিন রিডার দ্বারা পড়া যায় এবং একটি কম্পিউটার ব্যবহার করে পূরণ করা যায়। একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে, এখানে যান:
**nycabsentee.com/accessibility**
বা 866-VOTE-NYC (866-868-3692)
বা TTY 212-487-5496-এ কল করুন শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভাষা ও দোভাষী পরিষেবা

শহর জুড়ে অনেক পোল সাইটে দোভাষী পাওয়া যায়। আপনার ব্যালট বুঝতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য আপনার পরিবারের সদস্য, বন্ধু বা দোভাষী সহ কাউকে পাওয়ার অধিকার রয়েছে।

আপনি **bengali.nycvotes.org/accessibility**-এ গিয়ে কোন পোল সাইট দোভাষী প্রদান করে তা জানতে পারবেন। এছাড়াও আপনি 866-VOTE-NYC (866-868-3692)-এ কল করতে পারেন।

## ব্যালট মার্কিং ডিভাইস

**সমস্ত পোল সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইস (BMD) উপলব্ধ রয়েছে ভোটারদের জন্য আরও ভাল অ্যাক্সেসযোগ্যতা প্রদানের জন্য, যার মধ্যে রয়েছেন যারা অন্ধ, দৃষ্টি প্রতিবন্ধী, বা এমন একটি অক্ষমতা বা অবস্থাযুক্ত যা কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে।**

যদি আপনি একটি BMD ব্যবহার করতে চান, তাহলে একজন ভোট কর্মীকে বলুন! ব্যালটটিকে প্রদর্শিত স্ক্রিনে দেখতে, অতিরিক্ত ভাষাগুলিতে অনুবাদ করতে বা হেডফোন ব্যবহার করে আপনার পছন্দগুলি শুনতে আপনি এটি ব্যবহার করতে পারেন।

## আপনার ব্যালট চিহ্নিত করার জন্য এই ডিভাইস চারটি উপায় প্রদান করে:


**টাচ স্ক্রিন**


**কিপ্যাড (ব্রেইল)**


**সিপ ও পাফ ডিভাইস**


**রকার প্যাডেল**

- আপনি টেক্সটাকে বড় করতে "জুম ইন" করতে পারেন, টেক্সটটিকে মূল আকারে ফিরিয়ে আনতে "জুম আউট" করতে পারেন অথবা কালো ব্যাকগ্রাউন্ডে সাদা টেক্সটে ব্যালট প্রদর্শনের জন্য "হাই কন্ট্রাস্ট" নির্বাচন করতে পারেন।
- আপনি পুনরাবৃত্তি করতে পারেন এবং হেডফোনের গতি এবং ভলিউম কম-বেশ করতে পারেন।
- মনে রাখবেন! আপনার চয়নগুলি পাকাপাকি হবে না যতক্ষণ না আপনি আপনার চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করেন এবং ভোট দান করেন।
- যদি আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে একজন ভোট কর্মী আপনার সহায়তা করবে।

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার নমুনা ব্যালট

নীচের নমুনা ব্যালটটি শুধুমাত্র প্রদর্শনের জন্য। এটি আপনার প্রকৃত ব্যালট নয় এবং এটি পূরণ করলে আপনার ভোট হিসাবে গণনা করা হবে না।

| Rank up to 5 choices<br>Mark no more than 1 oval in each column<br>5টি পর্যন্ত পছন্দ র‍্যাঙ্ক করুন<br>প্রতিটি কলামে 1টির বেশি ডিম্বাকারকে চিহ্নিত করবেন না | | Choice পছন্দ 1ম | Choice পছন্দ 2য় | Choice পছন্দ 3য় | Choice পছন্দ 4র্থ | Choice পছন্দ 5ম |
|---|---|---|---|---|---|---|
| **Candidate A / প্রার্থী A**<br>Party Name / পার্টির নাম | A | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate B / প্রার্থী B**<br>Party Name / পার্টির নাম | B | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate C / প্রার্থী C**<br>Party Name / পার্টির নাম | C | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate D / প্রার্থী D**<br>Party Name / পার্টির নাম | D | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate E / প্রার্থী E**<br>Party Name / পার্টির নাম | E | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate F / প্রার্থী F**<br>Party Name / পার্টির নাম | F | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate G / প্রার্থী G**<br>Party Name / পার্টির নাম | G | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate H / প্রার্থী H**<br>Party Name / পার্টির নাম | H | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate I / প্রার্থী I**<br>Party Name / পার্টির নাম | I | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate J / প্রার্থী J**<br>Party Name / পার্টির নাম | J | ○ | ○ | ○ | ○ | ○ |
| Write-in<br>রাইট-ইন | | ○ | ○ | ○ | ○ | ○ |

## আমার শীর্ষস্থানীয় পছন্দগুলি

সিটি কাউন্সিলের জন্য আপনার সেরা পছন্দের তালিকা তৈরি করতে এই পৃষ্ঠাটি ব্যবহার করুন। পোল সাইটে আপনার ব্যালট যখন পূরণ করতে যাবেন তখন এটি তথ্যসূত্র হিসাবে আপনার সঙ্গে আনতে পারেন।

### সিটি কাউন্সিল

| সিটি কাউন্সিল |
|---|
| 1ম |
| 2য় |
| 3য় |
| 4র্থ |
| 5ম |

**অনুস্মারক! আপনার পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আপনার ব্যালটে অতিরিক্ত অফিস থাকতেও পারে।**

আপনি **findmypollsite.vote.nyc**-এ গিয়ে নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালটের একটি নমুনার পূর্বরূপ দেখতে পারেন

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা

NYC সিটি অফিস জন্য প্রাথমিক এবং বিশেষ নির্বাচনে **র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা** ব্যবহার করে। র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা দ্বারা, শুধুমাত্র একজনকে চয়ন করার জায়গায় আপনার পছন্দ অণুযায়ী ক্রমে 5 জন পর্যন্ত প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করতে পারবেন। এটি কারা নির্বাচিত হবেন সেজন্য আপনার মতামতের আরও সুযোগ দিবে এবং আরও বৈচিত্র্যময় প্রার্থীগণের বিজয়ে সহায়তা করে।

### আমরা কেন র‍্যাঙ্কড চয়েস ভোটিং ব্যবহার করছি?

2019 সালের ব্যালট ব্যবস্থাতে নিউ ইয়র্ক বাসীরা র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার করাটা নির্বাচন করেছিল। এটি 73.5% সমর্থন পেয়ে পাস হয়েছিল।

### র‍্যাঙ্কড চয়েস ভোটিংয়ের মাধ্যমে আমি কোন অফিসগুলির জন্য ভোটদান করব?


আপনি এই জুনে সিটি কাউন্সিলের জন্য ভোটপ্রদান করতে জন্য র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার করবেন। তবে, সম্ভবত আপনার ব্যালটে অন্যান্য অফিস থাকবে, যেমন বিচারপতি, যেগুলিতে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার হবে না কারণ সেগুলি সিটি অফিস নয়।

## আমার র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যালটটি আমি কীভাবে পূরণ করব?


**1** আপনার প্রথম পছন্দের প্রার্থীকে চয়ন করুন এবং 1ম কলামে তাদের নামের পাশে ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করুন।

**2** যদি আপনি কোন দ্বিতীয় পছন্দের প্রার্থী থাকে, তবে দ্বিতীয় কলামের নিচে তাদের নামের পাশে ডিম্বাকারটি পূরণ করুন।


**3** আপনি 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করতে পারবেন। তথাপি, আপনি শুধুমাত্র একজন প্রার্থীকেও ভোট দিতে পারেন। অন্যান্য প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করলেও আপনার প্রথম পছন্দের কোনো ব্যতিক্রম ঘটবে না।




একটি নমুনা ব্যালটে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করার জন্য **bengali.nycvotes.org/rcv-ballot**-এ যান।




একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন **না**। আপনি প্রথম পছন্দ হিসেবে একাধিক প্রার্থীকে বেছে নিলে, **আপনার ব্যালটটি বৈধ হবে না**।





একজন প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন **না**। যদি আপনি তা করেন তাহলে শুধুমাত্র আপনার সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীকে গণনা করা হবে।


# কীভাবে আমার র‍্যাঙ্কড চয়েস ব্যালট গণনা করা হবে?

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা সম্পর্কে আরও তথ্যের জন্য, 47 পৃষ্ঠাতে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা সম্পর্কে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন কিংবা **bengali.nycvotes.org/rcv**–এ ভিজিট করুন।


যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি না পায়, তাহলে রাউন্ডে গণনা চলতে থাকবে।





প্রত্যেক রাউন্ডে, সবচেয়ে কমসংখ্যক ভোট পাওয়া প্রার্থী বাতিল হয়ে যাবে। আপনার প্রথম পছন্দের প্রার্থী যদি বাদ পড়ে যায় তাহলে আপনার ভোটটি আপনার ব্যালটে পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর পক্ষে চলে যাবে।




এই প্রক্রিয়াটি অব্যাহত চলবে যতক্ষণ না কেবল 2 জন প্রার্থী অবশিষ্ট থাকবে।




যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি পেয়ে যায়, তবে সে নির্বাচনে জয়লাভ করবে।




## যে প্রার্থী অধিকাংশ ভোট পাবে, সে জয়লাভ করবে!

# নির্বাচিত কর্মকর্তাগণ কী করবেন?

আমাদের নির্বাচিত কর্মকর্তারা প্রতিদিন এমন সব সিদ্ধান্ত নেন যা চাকরি, আবাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আরও অনেক কিছুকে প্রভাবিত করে। আপনার ব্যালটে মজুদ অফিসগুলি সম্পর্কে আরও জানুন।

**আপনার ডিস্ট্রিক্টে আপনার পার্টির প্রার্থীদের সবচেয়ে নবীনতম তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

## সিটি অফিসগুলি

### সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হচ্ছে নিউ ইয়র্ক সিটির সরকারের আইনী, বা আইন প্রণয়নকারী শাখা। 51 জন সদস্য আছে। কাউন্সিলের সদস্যরা সাধারণত 4 বছর  (টানা 2 মেয়াদ পর্যন্ত) কার্যভার সামলান।

- 2020 সালের আদমশুমারির পরে, জনসংখ্যার পরিবর্তনের সাথে সামঞ্জস্য মিলানোর জন্য সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টগুলিকে পুনরায় সংশোধিত করা হয়েছিল। এই প্রক্রিয়ার কারণে, এই বছর নির্বাচিত কাউন্সিলের সদস্যরা নতুনভাবে সংশোধিত ডিস্ট্রিক্টগুলিতে 2 বছরের মেয়াদে কার্যভার সামলাবেন। 2025 সালে, 4 বছরের মেয়াদ আবার শুরু হবে।
- বিল জারি করেন এবং সেগুলির জন্য ভোট দেন।
- শহরের বাজেট সম্পর্কে আলোচনা এবং অনুমোদন করেন।
- সিটি এজেন্সির তত্ত্বাবধান করেন।
- আমাদের শহরের উন্নয়ন এবং বিকাশ সম্পর্কে সিদ্ধান্ত নেন।
- তাদের নির্বাচকজন্য সহায়তা প্রদান করেন।

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

## কাউন্টি অফিসগুলি

### ডিস্ট্রিক্ট অ্যাটর্নি

ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হচ্ছেন তাদের কাউন্টির সর্বোচ্চ প্রসিকিউটার। তারা 4 বছরের জন্য কার্যভার সামলান। মেয়াদের কোন সীমা নেই।

- কোন মামলার বিচার করতে হবে (এবং কোনটি নয়) তার সিদ্ধান্ত নেন।
- সব ফৌজদারি মামলা তদারকি করেন।
- অপরাধমূলক আচরণের তদন্ত এবং বিচার করেন।

## বিচারপতি

### নাগরিক আদালত – কাউন্টি ও ডিস্ট্রিক্ট

নাগরিক আদালতের বিচারকরা কাউন্টি বা ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পারেন, তাই আপনি আপনার ব্যালটে একাধিক নাগরিক আদালতের বিচারপতিদের দেখতে পারেন। বিচারপতিরা 10 বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন এবং এমন মামলাগুলির বিচার করেন যার মধ্যে রয়েছে:

- $50,000 পর্যন্ত নাগরিক সংক্রান্ত বিষয়।
- বাড়িওয়ালা-ভাড়াটে সংক্রান্ত বিষয় এবং আবাসনের গুণমান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত মামলা।
- অপরাধমূলক কর্মের ফৌজদারি বিচার।

## পার্টি সম্পর্কিত পদগুলি

এগুলি সরকারি পদ নয়, স্থানীয় রাজনৈতিক পার্টিগুলিতে নেতৃত্বের ভূমিকা। দয়া করে মনে রাখবেন যে নীচের প্রতিটি অফিসের নির্দিষ্ট দায়িত্ব আপনার রাজনৈতিক পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আলাদা হতে পারে। আপনার পার্টির উপর নির্ভর করে আপনার ব্যালটে লিঙ্গ দ্বারা বিভক্ত একাধিক পার্টির পদগুলি থাকতে পারে, লিঙ্গ সমতা প্রচারে সাহায্য করার জন্য।

### বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ

বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিরা স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য মনোনীতদের বেছে নেন। আপনি কতজন নির্বাচিত প্রতিনিধিকে ভোট দিতে পারেন তা আপনার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট নির্ধারিত করে। আপনার ব্যালট আপনাকে বলবে আপনি কতজন নির্বাচিত প্রতিনিধি চয়ন করতে পারবেন।

- তাদের দলের বিচারিক কনভেনশনে যোগদান করেন।
- সাধারণ নির্বাচনে স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য তাদের দলের মনোনীত প্রার্থীদের বেছে নেন।
- নির্বাচিত প্রতিনিধিরা পরিষেবা প্রদান করতে অক্ষম হলে বিকল্প নির্বাচিত প্রতিনিধিদের চয়ন করা হয় (ঠিক যেমন জুরির বিকল্পের মতো)।

### স্টেট কমিটির সদস্য

স্টেট কমিটির সদস্যরা স্টেটের রাজনৈতিক পার্টিগুলির মধ্যে তাদের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেন।   কমিটির সদস্যরা দুই বছরের মেয়াদের জন্য কার্যভার সামলান।

- তাদের স্টেট দলের কনভেনশনে এবং বার্ষিক মিটিংয়ে যোগদান করেন।
- তাদের কমিউনিটি, স্থানীয় নির্বাচিত কর্মকর্তা, নগর সরকার এবং রাজনৈতিক প্রার্থীদের মধ্যে সংযোগকারী হিসাবে কাজ করেন।

### কাউন্টি কমিটির সদস্য

কাউন্টি কমিটির সদস্যরা তাদের রাজনৈতিক দলের জন্য কাউন্টি নেতা এবং স্টেট বিশেষ নির্বাচনের জন্য তাদের দলের প্রার্থীদের নির্বাচন করেন।

- স্টেট বিশেষ নির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের চয়ন করুন।
- তাদের রাজনৈতিক দলের জন্য কাউন্টি নেতাদের ভোটপ্রদান করুন।
- কাউন্টি দলের বাজেট এবং অন্যান্য অভ্যন্তরীণ নীতিগুলির অনুমোদন করুন।

### ডিস্ট্রিক্ট নেতা


ডিস্ট্রিক্ট নেতারা প্রতিটি কাউন্টিতে রাজনৈতিক পার্টি চালাতে সাহায্য করেন। ডিস্ট্রিক্ট নেতারা দুই বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

- ভোট কর্মীদের মনোনীত করতে সিটি নির্বাচন বোর্ডের সাথে কাজ করেন।
- নাগরিক এবং সর্বোচ্চ আদালতের বিচারপতি পদের জন্য প্রার্থীদের মনোনীত করেন।
- তাদের পার্টির নেতৃত্ব এবং নিয়মের জন্য ভোটপ্রদান করেন।

## নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের ম্যাপ

- NYC এর 51টি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট রয়েছে
- ~170,000 ভোটার প্রতিটি ডিস্ট্রিক্ট বাস করে
- সিটি কাউন্সিল NYC-এর ~$100 বিলিয়ন এর বাজেট অনুমোদন করে

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**




## একজন সিটি কাউন্সিলের সদস্যের জীবনের একটি দিন

### সিটি কাউন্সিলের সদস্যরা আপনার জন্য কী করেন?

- আবাসন, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জননিরাপত্তা এবং আরও অনেক কিছুর বিষয়ে বিলের খসড়া তৈরি করেন এবং সেগুলির জন্য ভোট দেন। কাউন্সিলের সদস্যরা বার্ধক্য থেকে যুব পরিষেবা পর্যন্ত বিষয়গুলিতে কমিটিতে যোগও দিতে পারেন।
- শহরের ~$100 বিলিয়ন এর বাজেট তৈরি এবং অনুমোদন করতে মেয়রের সাথে কাজ করেন। প্রতিটি কাউন্সিলের সদস্য তাদের ডিস্ট্রিক্টে স্কুল নির্মাণ এবং উন্নয়নমূলক কাজে ~$5 মিলিয়ন এর বাজেট এবং অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার জন্য ~$500,000- এর অতিরিক্ত বাজেটের তদারকি করেন।
- নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ এবং নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ সহ নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দেয় এমন সিটি এজেন্সিগুলি পর্যবেক্ষণ করেন।
- সম্পত্তির মালিকদের জন্য জোনিং তত্ত্বাবধান, ল্যান্ডমার্ক সংরক্ষণ এবং শহরের জমি ও জনসাধারণের সুবিধাগুলি তদারকি সহ শহর জুড়ে বিল্ডিং এবং জমির ব্যবহার নির্ধারণ করেন।
- আপনার মত নির্বাচক সাহায্য করেন। কাউন্সিলের সদস্যরা এবং তাদের অফিসগুলি আপনাকে ট্যাক্স প্রস্তুতি, সাশ্রয়ী মূল্যের আবাসন, বৃক্ষরোপণ, নোংরা ফুটপাথ, গর্ত পরিষ্কার, পথচারীদের নিরাপত্তা এবং আরও অনেক কিছুর ক্ষেত্রে সাহায্য করতে পারেন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার কাউন্সিলের সদস্যের সাথে যোগাযোগ করুন!

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 19

**গণতান্ত্রিক**

- টোনি আভেল্লা ✓
- ক্রিস্টোফার বে ✓
- পল ডি গ্রাজিয়ানো ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং ইস্যু অবস্থানের তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।

---



## টোনি আভেল্লা ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ঘৃণামূলক অপরাধ সহ অপরাধ হ্রাস করুন
2. এক-দুটি পরিবারের ঘর বাঁচান
3. অবিলম্বে কলেজ পয়েন্টের রাস্তা সংস্কার করুন

*"সিটি/স্টেট সরকার আমার পূর্বের অভিজ্ঞতা, কমিউনিটির সক্রিয়তা, এবং উত্তর-পূর্ব কুইন্স-এর জ্ঞান আমাকে "প্রথম দিন" থেকে আমাদের অবনতিশীল জীবনযাত্রার মান পুনরুদ্ধার করতে, ক্ষুদ্র ব্যবসায় সাহায্য করতে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে পুলিশকে সহায়তা করতে এবং অপরাধ কমাতে সক্ষম করবে। আমি SHSAT ধরে রাখতে, প্রতিভাবান এবং প্রতিভাধর প্রোগ্রামগুলি প্রসারিত করতে, স্কুল প্রোগ্রামের জন্যে ফান্ড রাখতে, সিনিয়র সিটিজেন প্রোগ্রাম প্রসারিত করতে এবং নতুন সিনিয়র সেন্টার স্থাপনের জন্য লড়াই করব। আমি কুইন্স-এর ডেমোক্রেটিক পার্টি, স্টেট সেনেটর টবি স্ট্যাভিস্কি, এবং অ্যাসেম্বলি-মহোদয় এড ব্রাউনস্টেইন এবং ডেভিড ওয়েপ্রিন দ্বারা সমর্থিত।*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** স্টেট সিনেটর (2010-2018)

**শিক্ষা:** BA হান্টার কলেজ রাষ্ট্রবিজ্ঞান

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** সদস্য; নাইটস অফ কলম্বাস; নাইটস অফ প্যাথিয়াস; মসন্স

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** সিটি কাউন্সিলের সদস্য, জোনিং চেয়ারপারসন (2001-2009), মেয়র কোচ এবং ডিনকিন্সের সহযোগী

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ক্রিস্টোফার বে ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অপরাধ প্রতিরোধ
2. জননিরাপত্তা
3. আমাদের স্কুলের উন্নতি করুন

*"কুইন্স-এর একজন নেটিভ হিসেবে, কুইন্স-এ পেশাগত প্রসিকিউটর হিসেবে কাজ করার সুযোগ পেয়েছি যেখানে আমি সহিংস অপরাধমূলক গুনাহের বিচার করেছি এবং ক্ষতিগ্রস্তদের অধিকারের জন্য লড়াই করেছি। একজন প্রথম প্রজন্মের কোরিয়ান আমেরিকান হিসেবে এবং একজন শিক্ষাবিদ এবং ইউনিয়ন সদস্যের পুত্র হিসেবে বেড়ে উঠে, আমি জানি ওয়ার্কিং ফ্যামিলির জন্য সঠিকভাবে প্রতিনিধিত্ব করা কতটা গুরুত্বপূর্ণ। আমি সবার জন্য একটি নিরাপদ এবং শক্তিশালী কুইন্স প্রদান করার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।"*

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের প্রার্থী

**পূর্ববর্তী পেশাগুলি:** সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, কুইন্স DA

**শিক্ষা:** SUNY বিংহামটন, CUNY আইন স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** বোর্ডের সদস্য, নিউ ইয়র্কের এশিয়ান আমেরিকান বার অ্যাসোসিয়েশন; বোর্ডের সদস্য, কোরিয়ান আমেরিকান লোয়ার্স এসোসিয়েশন অফ গ্রেটার নিউ ইয়র্ক; ন্যাশনাল এশিয়ান প্যাসিফিক আইল্যান্ডার প্রসিকিউটর অ্যাসোসিয়েশনের সদস্য

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কুইন্স-এর DA অফিস অফ ইমিগ্রান্ট অ্যাফেয়ার্সের জন্য কমিউনিটির যোগাযোগ

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## পল ডি গ্রাজিয়ানো ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আমাদের কম ঘনত্ব জোনিং রক্ষণ
2. অপরাধ/জননিরাপত্তা
3. শিক্ষাগত চ্যালেঞ্জ এবং সুযোগ

*"এ সব আমাদের বাড়ি থেকে শুরু হয়। যদি আমাদের আশেপাশের এলাকাগুলোই নষ্ট হয়ে যায়, বাকি কিছুর কোনো মানে থাকবে না।'*

*2022 সালে, সরকার। ক্যাথি হোচুল রাজ্যব্যাপী আমাদের 1-পরিবারের আশেপাশের এলাকাগুলিকে ধ্বংস করার এবং NYC-তে সমস্ত অবৈধ রূপান্তরের জন্য সাধারণ ক্ষমা দেওয়ার চেষ্টা করেছে - এবং সে আবার এটি করার চেষ্টা করছে।*

*এই লড়াইয়ের রাজ্যব্যাপী নেতা হিসাবে, আমি তখন তাকে থামিয়েছিলাম - এবং আমি এখন তাকে থামাব।*

*30 বছর ধরে, আমি NE কুইন্স-এ আমাদের আশেপাশের এলাকাগুলিকে রক্ষা করছি। আমি সর্বদা আমাদের জীবন এবং সম্পত্তির মান বজায় রাখার জন্য লড়াই করব।"*

**বর্তমান পেশা:** নগর পরিকল্পনা/ভূমি ব্যবহার/ঐতিহাসিক সংরক্ষণ পরামর্শক

**পূর্ববর্তী পেশাগুলি:** একই

**শিক্ষা:** MS আরবান অ্যাফেয়ার্স, হান্টার কলেজ/BA তুলনামূলক সাহিত্য, বিজ্ঞানের UMASS/Bx HS

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** উত্তর-পূর্ব কুইন্স-এ একাধিক নাগরিক/বাড়ির মালিক সমিতি

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কয়েক ডজন সংস্থা/একাধিক নির্বাচিত কর্মকর্তা পরামর্শদাতা

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | টোনি আভেল্লা ✓<br>গণতান্ত্রিক | ক্রিস্টোফার বে ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | আমি পুলিশকে সমর্থন করি এবং NYPD কে ডিফান্ড করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে ভোট দেব। উত্তর-পূর্ব কুইন্স-এর একটি নতুন পুলিশ নির্বাচন-কেন্দ্রের এলাকা তৈরি করতে এবং অ্যান্টি-এশিয়ান, অ্যান্টি-সেমিটিক, এবং অ্যান্টি-LGBTQ+ আক্রমণগুলিকে মোকাবেলা করার জন্য ঘৃণামূলক অপরাধের শাস্তি দ্বিগুণ করার জন্য আমি সহায়তা করবো এবং ফান্ড দেব। | কুইন্স-এর একজন প্রসিকিউটর হিসাবে, আমি গত সাত বছর ধরে প্রতিটি দিন অপরাধের শিকারদের জন্য লড়াই করেছি। কুইন্স-এর একজন প্রসিকিউটর হিসাবে, আমি গত সাত বছর ধরে প্রতিটি দিন অপরাধের শিকারদের জন্য লড়াই করেছি। |
| **মুদ্রাস্ফীতি** | বাসিন্দাদের মুদ্রাস্ফীতির সঙ্গে মোকাবিলা করতে সাহায্য করার জন্য, আমি পেট্রল ট্যাক্স, বাড়ির মালিক/কনডোমিনিয়াম/সমবায় সম্পত্তি ট্যাক্স এবং ক্ষুদ্র ব্যবসা ট্যাক্স কমাতে সমর্থন করি, যার সঞ্চয় ক্রেতাদের কাছে চলে যায়। বাসিন্দাদের মুদ্রাস্ফীতির সঙ্গে মোকাবিলা করতে সাহায্য করার জন্য, আমি পেট্রল ট্যাক্স, বাড়ির মালিক/কনডোমিনিয়াম/সমবায় সম্পত্তি ট্যাক্স এবং ক্ষুদ্র ব্যবসা ট্যাক্স কমাতে সমর্থন করি, যার সঞ্চয় ক্রেতাদের কাছে চলে যায়। | ওয়ার্কিং ফ্যামিলিগুলি আমাদের কমিউনিটির মেরুদণ্ড এবং ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি পরিবারগুলির পক্ষে লক্ষ্যগুলি পূরণ করা কঠিন করে তুলেছে। আমাদের বাচ্চাদের যাতে ক্ষুধার্ত থাকতে না হয় বা বাড়ির মালিকানা অপ্রাপ্য না হয় তা নিশ্চিত করতে আমাদের নেতাদের মুদ্রাস্ফীতির বিরুদ্ধে লড়াই করতে একসঙ্গে কাজ করতে হবে। |
| **গণতন্ত্র রক্ষা** | রাজনৈতিক হস্তক্ষেপ থেকে ভোটপ্রদানের সিস্টেম/নির্বাচন অফিসিয়াল রক্ষা করা আমাদের গণতন্ত্র রক্ষার চাবিকাঠি। ভোটপ্রদানের অধিকারসমূহ রক্ষা করা/ভোটপ্রদান সহজ করাও গুরুত্বপূর্ণ। আমি ভোটার ভয় দেখানো বন্ধ করতে ভোট কেন্দ্রে নির্বাচনের দিন নির্বাচন প্রচারণা নিষিদ্ধ করতেও বিশ্বাস করি। | রাজনৈতিক প্রক্রিয়ায় সততার অভাব রয়েছে। যখন অযোগ্য প্রার্থীরা সরকারী অফিসে প্রবেশের জন্য মিথ্যা ব্যবহার করে, এবং যখন আমাদের নির্বাচিত কর্মকর্তারা সেই প্রার্থীদের সমর্থন করেন, তখন আমাদের কমিউনিটিগুলি রাজনৈতিক প্রক্রিয়ার উপর বিশ্বাস হারিয়ে ফেলে। আমি গণতন্ত্র পুনরুদ্ধারের নতুন সচেতন কণ্ঠস্বর। |

## পল ডি গ্রাজিয়ানো ✓

গণতান্ত্রিক

অপরাধ/জননিরাপত্তা 19তম CD-র শীর্ষ 3টি সমস্যার মধ্যে একটি। আমাদের সিটি মহামারীর আগের তুলনায় কম নিরাপদ এবং সংঘটিত অপরাধগুলি ক্রমবর্ধমান নির্লজ্জ, লক্ষ্যবস্তু এবং ঘৃণিত। আমাদের আরও পুলিশ দরকার এবং আমি 109তম কে দুটি নতুন নির্বাচন-কেন্দ্রের এলাকায় বিভক্ত করাকে সমর্থন করি।

গত বছরে, মুদ্রাস্ফীতি বেড়ে 40 বছরের সর্বোচ্চ হয়েছে, নিম্ন আয়ের পরিবারগুলিকে ক্ষতিগ্রস্ত করেছে। NYC-তে, এর অর্থ হল বর্তমান $15/ঘন্টা ন্যূনতম মজুরির ক্রয় ক্ষমতা হ্রাস (2019 থেকে একই)। যাদের প্রয়োজন তাদের সাহায্য করার জন্য আমার সমাধান হল মূল্যস্ফীতিতে ন্যূনতম মজুরি বৃদ্ধি করা।

আমার স্ত্রী এলজবিটা পোল্যান্ড-এ কমিউনিজমের অধীনে বেড়ে উঠেছেন এবং আমাকে বর্ণনা করেছেন যে একটি সর্বগ্রাসী শাসনের মধ্যে জীবনযাপন কেমন ছিল। যদিও আমাদের গণতন্ত্র স্থিতিস্থাপক, আমরা সম্প্রতি দেখেছি যে এটি ভঙ্গুর। আমাদের অবশ্যই *সর্বদা* শান্তিপূর্ণভাবে ক্ষমতার হস্তান্তর নিশ্চিত করতে হবে।

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করুন

**আমাদের অনলাইন অনুশীলনমূলক ব্যালটে আপনার পছন্দগুলি রেঙ্ক করার চেষ্টা করুন! আপনার ব্যালটটি সঠিকভাবে পূরণ হয়েছে কিনা বা আপনি কোনও ত্রুটি হলে এটি কীভাবে ঠিক করবেন তা আমরা আপনাকে জানাব।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/practice-ballot-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 20

**রিপাবলিকান**

- জিন লিয়াং ড্যানি চেন ✓
- ইউ-চিং জেমস পাই ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং ইস্যু অবস্থানের তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## জিন লিয়াং ড্যানি চেন ✓

রিপাবলিকান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. কমিউনিটির সুরক্ষা
2. পুলিশ কভারেজ এবং ফান্ডিং বাড়ানো
3. যানজট কমানো

*"আমি আমাদের কমিউনিটির জন্য একজন যোদ্ধা এবং উকিল হয়েছি। SHSAT সংরক্ষণের লড়াই থেকে শুরু করে কলেজ পয়েন্টে একটি অনুপযুক্ত পরিকল্পিত আশ্রয়কে পরিবর্তন করার জন্য কাজ করা পর্যন্ত, আমি সেখানে জনগণের পক্ষে দাঁড়াতে এবং আমাদের কমিউনিটির মূল্যবোধ এবং জীবনযাত্রার মান রক্ষা করতে ছিলাম। আমি সিটি কাউন্সিল আপনাদের প্রতিনিধি হিসেবে এই কমিউনিটির মানুষের জন্য লড়াই চালিয়ে যাবো।"*

**বর্তমান পেশা:** এশিয়ান মার্কেটিং- এর ডিরেক্টর প্রহেলথ সলিউশন

**পূর্বের পেশা:** প্রযোজ্য নয়

**শিক্ষা:** প্রযোজ্য নয়

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** USA-এর চাইনিজ আমেরিকান অ্যালায়েন্সের প্রতিষ্ঠাতা কলেজ পয়েন্ট রেসিডেন্টস কোয়ালিশনের প্রতিষ্ঠাতা

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কলেজ পয়েন্ট, NY-এ একটি লিঙ্গ আশ্রয়ের রূপান্তর সেটআপের সুবিধা দিয়েছে

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## ইউ-চিং জেমস পাই ✓

রিপাবলিকান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. ক্ষুদ্র ব্যবসা সমর্থন
3. শিক্ষা

*"আসুন আমরা ক্ষুদ্র ব্যবসায় সাহায্য করি এবং সমর্থন করি এবং কঠোর পরিশ্রমী ব্যক্তি এবং পরিবারগুলির জীবনযাত্রার মান উন্নত করি যারা এখানে বাস করে এবং কাজ করে। জননিরাপত্তা একটি প্রধান উদ্বেগ। আমাদের বাচ্চারা মানসম্পন্ন শিক্ষা এবং বিশেষায়িত উচ্চ বিদ্যালয় এবং প্রতিভাধর এবং মেধাবী প্রোগ্রামের মাধ্যমে তাদের পূর্ণ সম্ভাবনা প্রদর্শনের সুযোগ পাওয়ার যোগ্য। আমাদের পরিবর্তন দরকার, এবং পরিবর্তন আসবে, আমাকে এই সুযোগ দিন, আমার ক্যাম্পেইন সমর্থন করুন এবং আমাকে ভোট দিন। "পরিবর্তন আপনার দিকে আসছে।"*

**বর্তমান পেশা:** স্বনির্ভর সার্টিফাইড সরকারি অ্যাকাউন্ট্যান্ট

**পূর্ববর্তী পেশাগুলি:** অ্যাকাউন্ট্যান্ট at CPA firms

**শিক্ষা:** স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক - আলবানি (অ্যাকাউন্টিংয়ে BS) - 1996

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ফ্লাশিং সেন্ট্রাল লায়ন্স ক্লাব, তাইওয়ানিজ চেম্বার অফ কমার্স অফ নিউ ইয়র্ক ইনকর্পোরেটেড, চাইনিজ আমেরিকান সোসাইটি অফ CPA

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কোনোটিই নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# NYC Votes কে ফলো করুন

**নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!**

**@nycvotes**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **জিন লিয়াং ড্যানি চেন** ✓<br>রিপাবলিকান | **ইউ-চিং জেমস পাই** ✓<br>রিপাবলিকান |
|---|---|---|
| **অপরাধ** | ফান্ডিং বৃদ্ধি করে অপরাধ হ্রাস করুন, রাস্তায় আরও পুলিশ যোগ করুন এবং প্রতিক্রিয়ার সময় কমাতে একটি স্যাটেলাইট নির্বাচন-কেন্দ্রের এলাকা স্টেশন যোগ করুন। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **মুদ্রাস্ফীতি** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **গণতন্ত্র রক্ষা** | জনগণের একটি ভাল কণ্ঠস্বর পেতে ভোটপ্রদানকারীদের ডেমোগ্রাফিক কভারেজ উন্নত করে গণতন্ত্র রক্ষা করুন। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |

# প্রার্থীদের ভিডিও দেখুন

প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/candidates**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 21

**গণতান্ত্রিক**

- হিরাম মনসেরেট* ✓
- ফ্রান্সিসকো পি মোয়া ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, দেখুন bengali.nycvotes.org/candidates.**

*এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।

---



## ফ্রান্সিসকো পি মোয়া ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী আবাসন
2. স্কুলের ফান্ডিং
3. শ্রমিকদের সুরক্ষা

*"আমি 2018 সাল থেকে সিটি কাউন্সিল পূর্ব এলমহার্স্ট, লেফ্রাক সিটি এবং করোনার প্রতিনিধিত্ব করার জন্য সম্মানিত হয়েছি। আমি ওয়ার্কিং নিউ ইয়র্ক বাসীদের জন্য লড়াই করেছি, অভিবাসীদের পক্ষে ওকালতি করেছি, সিনিয়রদের পক্ষে দাঁড়িয়েছি এবং সরকারি স্কুলে লক্ষ্য কোটি অর্থ বিতরণ করেছি। আমি আমাদের কমিউনিটিকে হাজারো সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট, নতুন স্কুল, একটি সিনিয়র সেন্টার এবং ভাল বেতনের চাকরি প্রদান করতে পেরে গর্বিত। আমি আমাদের রাস্তা নিরাপদ করতে সংস্থানগুলিতে বিনিয়োগ করছি। আমাদের সমস্ত কণ্ঠস্বর শোনা যায় তা নিশ্চিত করার জন্য আমাদের একজন অভিজ্ঞ এবং নিবেদিত নেতৃত্বের প্রয়োজন।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য, ডিস্ট্রিক্ট 21

**পূর্ববর্তী পেশাগুলি:** NY স্টেট অ্যাসেম্বলি সদস্য; সরকার সম্পর্ক

**শিক্ষা:** BA, সেন্ট জনস ইউনিভার্সিটি, ন্যাশনাল আরবান ফেলো, MPA বারুচ কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** করোনা লায়ন্স ক্লাব; সেন্ট লিও'স গোল্ডেন এজ ক্লাব

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NY স্টেট অ্যাসেম্বলি; ডেমোক্র্যাট ডিস্ট্রিক্ট নেতা

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **হিরাম মনসেরেট*** ✓<br>গণতান্ত্রিক | **ফ্রান্সিসকো পি মোয়া** ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | আমাদের কমিউনিটিকে নিরাপদ করা একটি শীর্ষ মুখ্যচিন্তা। যুবকদের দলে যোগদান থেকে বিরত রাখতে, আসক্তি এবং মানসিক স্বাস্থ্যের মহামারীর চিকিৎসা এবং আইন প্রয়োগকারী সংস্থা এবং আমাদের কমিউনিটির মধ্যে আস্থা তৈরি করার পাশাপাশি তাদের জবাবদিহি করতে আমাদের প্রোগ্রামগুলিতে বিনিয়োগ করতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | আমরা সবাই মুদির দোকানে মুদ্রাস্ফীতির বাস্তবতা দেখি। দাম বাড়লেও মজুরি স্থবির আছে। আমাদের ভোক্তাদের মূল্য বৃদ্ধি থেকে রক্ষা করতে হবে- এজন্যই আমি ডেলিভারি অ্যাপ নিয়েছি এবং তারা যে ফি নিতে পারে তা সীমাবদ্ধ করেছি যাতে গড় নিউ ইয়র্ক বাসীরা প্রতারিত না হয়। |
| **গণতন্ত্র রক্ষা** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | আমাদের সরকার প্রবেশাধিকার ও অংশগ্রহণ বাড়াতে হবে। একটি উপায় হল ভোটপ্রদানের প্রবেশাধিকার বাড়ানো। নিউ ইয়র্ক সিটি নির্বাচন অনাগরিকদের ভোট দেওয়ার অনুমতি দিয়ে মিউনিসিপ্যাল ভোটপ্রদানের আইন স্পনসর করতে পেরে আমি গর্বিত। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 22

**গণতান্ত্রিক**

- টিফানি এল ক্যাবন
- চার্লস কাস্ত্রো*

**যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন** **পৃষ্ঠা 45.**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, দেখুন bengali.nycvotes.org/candidates.**

*এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## টিফানি এল ক্যাবন

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. প্রমাণ-ভিত্তিক জননিরাপত্তার কৌশল
2. পথচারী/সাইকেল চালক-বান্ধব রাস্তা
3. স্থায়ীভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন

*"সরকারি ডিফেন্ডার হিসাবে তার বছরগুলিতে, টিফানি নিউ ইয়র্ক বাসীদের জন্য তাদের কোণে অন্য কাওকে না রেখেই লড়াই করেছিলেন। এখন তিনি ডিস্ট্রিক্ট 22 এর সমস্ত বাসিন্দাদের পরিষেবা দেন। তার প্রথম মেয়াদে, তিনি ডিস্ট্রিক্ট বর্ধিত ট্র্যাশ তোলা, রাস্তার নিরাপত্তার উন্নতি এবং পাতাল রেল আপগ্রেড নিয়ে এসেছেন, সাশ্রয়ী মূল্যের আবাসন 300টিরও বেশি ইউনিট এবং একটি নতুন ওয়াটারফ্রন্ট পার্ক অনুমোদন করেছেন এবং কার্যকরী প্রণীত আইনের সাতটি অংশ পাস করেছেন। তিনি কাউন্সিলের LGBTQIA+ ককাস (রাজনৈতিক দলের সংগঠনী কমিটি)-এর সহ-সভাপতি।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** সিনিয়র স্ট্র্যাটেজিস্ট, ওয়ার্কিং ফ্যামিলি পার্টি; সরকারি ডিফেন্ডার, লিগ্যাল এইড সোসাইটি এবং NY কাউন্টি ডিফেন্ডার সার্ভিসেস

**শিক্ষা:** NY আইন স্কুল, JD। পেন স্টেট, BA। সেন্ট ফ্রান্সিস প্রিপারেটরি স্কুল, JHS210, PS62

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ওয়ার্কিং ফ্যামিলি পার্টি, লোকাল প্রোগ্রেস, ডেমোক্রেটিক সোশ্যালিস্ট অফ আমেরিকা, মিজেন্টে, LGBT, NYC এবং পুয়ের্তো রিকান বার এসোসিয়েশন।

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিলের সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | টিফানি এল ক্যাবন<br>গণতান্ত্রিক | চার্লস কাস্ত্রো*<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | সহিংসতা কমানোর জন্য আমরা যা জানি তাতে আমাদের বিনিয়োগ করতে হবে: সাশ্রয়ী মূল্যের আবাসন, ভাল চাকরি, প্রচুর মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং প্রমাণিত সহিংসতা প্রতিরোধ কর্মসূচি। এটি ব্যর্থ পুলিশিং এবং কার্সরাল কৌশলগুলি থেকে বিচ্ছিন্ন হওয়ার সময় যা শুধুমাত্র ট্রমা এবং অপরাধীকরণকে স্থায়ী করে। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **মুদ্রাস্ফীতি** | আমি কনসোলিডেটেড এডিসন কোম্পানি (ConEd)-এর হার বৃদ্ধি এবং ভাড়া নির্দেশিকা বোর্ড বৃদ্ধির বিরুদ্ধে জোরপূর্বক কথা বলেছি। ওয়ার্কিং ক্লাস নিউ ইয়র্ক বাসীরা শেষ মেটাতে সংগ্রাম করছে। তাদের আরও বেশি অর্থ দিতে বাধ্য করা কেবল তাদেরকে বিতাড়িত করবে এবং নিউ ইয়র্ককে অতি-ধনীদের জন্য আরও বেশি খেলার মাঠে পরিণত করবে। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **গণতন্ত্র রক্ষা** | আমার অফিস সুনির্দিষ্টভাবে একটি শক্তিশালী অংশগ্রহণমূলক বাজেট প্রক্রিয়া চালায় কারণ আমরা বিশ্বাস করি যে গণতন্ত্র একটি বাসযোগ্য শহরের চাবিকাঠি। আমি শুধু নির্বাচনের দিনে গণতন্ত্র বিশ্বাস করি না, বরং চাকরির জায়গা থেকে স্কুল ভবন পর্যন্ত প্রতিদিন এবং সর্বত্র আমি গণতন্ত্র বিশ্বাস করি। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 23

**গণতান্ত্রিক**

- স্টিভ বেহার ✓
- লিন্ডা লি ✓
- রুবাইয়া রহমান ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং ইস্যু অবস্থানের তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## স্টিভ বেহার ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. শিক্ষা
3. জীবনের মান

*"আমার বয়স যখন 6 বছর ছিলো তখন আমার পরিবার আমার কমিউনিটিতে চলে আসে। আমি PS 46, MS 74 এবং কারদোজো হাই স্কুল থেকে স্নাতক হয়েছি।*

*আমি কয়েক দশক ধরে একজন কমিউনিটির নেতা ছিলাম এবং কাউন্সিলের সদস্য গ্রোডেনচিক এর পরামর্শদাতা হিসাবে 6 বছর কাটিয়েছি।"*

**বর্তমান পেশা:** অ্যাটর্নি

**পূর্ববর্তী পেশাগুলি:** আন্তর্জাতিক কর্পোরেট ফিনান্স অ্যাটর্নি; NYC কাউন্সিলের পরামর্শদাতা; NYS সেনেটে পরামর্শদাতা; ক্ষুদ্র ব্যবসার মালিক; কলেজের অধ্যাপক

**শিক্ষা:** জর্জটাউন ইউনিভার্সিটি আইন স্কুল, LL.M (আইনে স্নাতকউত্তর), সিকিউরিটিজ এবং ফিনান্সিয়াল রেগুলেশন; Tulane ইউনিভার্সিটি, JD; Tulane ইউনিভার্সিটি, MBA, অর্থ ও সাধারণ ব্যবস্থাপনা; আলবানি-তে ইউনিভার্সিটি, B.A. অর্থনীতি এবং রাষ্ট্রবিজ্ঞান

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** NYS-এর বার অ্যাসোসিয়েশনের সদস্য, মন্টানা-এর বার অ্যাসোসিয়েশনের সদস্য

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** অ্যাটর্নি, U.S. সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন; NYS সেনেটে পরামর্শদাতা; NYC কাউন্সিলের পরামর্শদাতা

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## লিন্ডা লি ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আমাদের কমিউনিটি আরও নিরাপদ করা।
2. গুণমানসম্পন্ন শিক্ষায় অ্যাক্সেস বাড়ানো।
3. জীবনের গুণমান উন্নত করা।

*"ইস্টার্ন কুইন্সকে উপস্থাপিত করতে পেরে আমি খুবই গর্বিত—এটি বৈচিত্র্যশীল কর্মজীবী পরিবার, ক্ষুদ্র ব্যবসার মালিক, তরুণ পেশাদার ও বহু বরিষ্ঠ ব্যক্তির ঘর। কিন্তু এখানে এমন কিছু সমস্যা আছে যার জন্য বাস্তবিক ও প্রতিক্রিয়াশীল নেতৃত্বের দরকার। সম্পত্তি ট্যাক্স বাড়ছে, ক্ষুদ্র ব্যবসাগুলি অসুবিধার সম্মুখীন হচ্ছে এবং হারিকেন ইডার পর যেমন আমরা স্পষ্ট দেখেছি তাতে এটি প্রতীত যে আমাদের পরিকাঠামো আপগ্রেড করা দরকার। আমাদেরকে নিশ্চিত করতে হবে যে কমিউনিটির মতামত যেন স্থানীয় স্তরে সমস্যা মোকাবিলার সময় সর্বাগ্রে শোনা হয়।*

*গত বছর অফিসের দায়িত্বভার সামলানোর সময় থেকে আমি সর্বদাই প্রণীত আইন ও ফান্ডিং আরও একধাপ বাড়িয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি যা আমাদের জীবন আরও নিরাপদ ও উন্নত করে আমাদের কমিউনিটির উপর প্রত্যক্ষ ও ইতিবাচক প্রভাব ফেলবে।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** CEO @KCS

**শিক্ষা:** BA বার্নার্ড; MSW কলাম্বিয়া

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** PS203, NVCC

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** CB11, @NYCCEC-র প্রাক্তন কমিশনার

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## রুবাইয়া রহমান ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অক্ষমতা পরিষেবা এবং অধিকারগুলি উন্নত করা
2. নবীন এবং কমিউনিটির মানসিক স্বাস্থ্য
3. সিনিয়র কেয়ার এবং অবসরপ্রাপ্ত

*"আমি রুবাইয়া রহমান এবং আমি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 23-এর জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি বলতে গর্বিত যে আমি একটি বিষয়ে মনোযোগ দিচ্ছি - আমার কমিউনিটি। প্রায়শই, সাধারণ মানুষের কণ্ঠস্বর অধিক শক্তিশালী স্বার্থ দ্বারা নিমজ্জিত হয়। যখন আমরা আমাদের কমিউনিটির সবচেয়ে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সদস্যদের চাহিদাকে অগ্রাধিকার দিই, তখন আমরা আমাদের মূল্যবোধ এবং অগ্রাধিকারের জন্য একটি নৈতিক কম্পাস সেট করি। তাদের চাহিদাকে সামনে রেখে, আমরা নিশ্চিত করতে পারি যে আমাদের বাজেটের ডলার যেখানে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ সেখানে ব্যয় করা হয়েছে। এই কারণেই আমি অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি–আমাদের সন্তানদের জন্য লড়াই করতে এবং আমাদের কমিউনিটিকেসিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অগ্রভাগে রাখতে।"*

**বর্তমান পেশা:** বর্তমান নির্বাহী পরিচালক ASHO

**পূর্ববর্তী পেশাগুলি:** আইন সহকারী

**শিক্ষা:** মাস্টার NYU আইন স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ASHO

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ক্ষেত্র ব্যবস্থাপক

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **স্টিভ বেহার** ✓<br>গণতান্ত্রিক | **লিন্ডা লি** ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | জননিরাপত্তা চেয়ে গুরুত্বপূর্ণ কিছু নেই। আমি আমাদের রাস্তায় আরও পুলিশ চাই। আমি কমিউনিটি পুলিশিংয়ে বিশ্বাস করি। আমি নতুন 116তম নির্বাচন-কেন্দ্রের এলাকা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছি যা 105তম নির্বাচন-কেন্দ্রের এলাকা থেকে চাপ কমিয়ে দেবে এবং ইস্টার্ন কুইন্স-এর রাস্তায় আরও পুলিশ রাখবো। | আমি স্বচ্ছতা ও দায়বদ্ধতা বজায় রেখে আমাদের আইন বলবৎকারী অফিসারদের সম্পূর্ণ অর্থায়নের সমর্থন করি। আমাদেরকে অপরাধের মাত্রা কমাতে হবে, প্রথমে অগ্রাধিকার দিয়ে রাস্তাঘাট থেকে বন্দু অপসারণ করতে হবে, মানসিক স্বাস্থ্যের সঙ্কটে এবং ঘৃণাসূচক ও বৈষম্যমূলক অপরাধে নজর দিতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি ওয়ার্কিং ফ্যামিলিদের উপার্জন ও সঞ্চয়কে ধ্বংস করে। বর্তমান মুদ্রাস্ফীতি মহামারী পরবর্তী অর্থনীতি পুনরায় চালু করা এবং ইউক্রেন-এ রাশিয়ান আক্রমণের কারণে ঘটেছে। ফেডারেল রিজার্ভ মুদ্রাস্ফীতি কমানোর জন্য এবং আমাদের সাপ্লাই চেইন এবং সরবরাহ ও চাহিদার সমস্যাগুলি কমানোর জন্য কাজ করছে। | যদিও মূল্যবৃদ্ধি প্রাথমিকভাবে ফেডারেল স্তরেই মোকাবিলা করা হয়, তাও নিম্ন ও মধ্যবিত্ত উপার্জন গোষ্ঠীর পরিবারগুলিকে আমরা গ্যাস ও মুদিখানার জিনিসের মূল্যবৃদ্ধির বিষয়ে সাহায্য করতে পারি। দাম চড়চড় করে বাড়ানোর জন্য আমরা কোম্পানি ও ইউটিলিটি কোম্পানিগুলিকে দায়ী সাব্যস্ত করতে পারি। |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের ক্যাপিটলে 6ই জানুয়ারির বিদ্রোহ আমাদের দেখিয়েছিল যে গণতন্ত্র কতটা ভঙ্গুর। মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বব্যাপী গণতন্ত্র আলোকবর্তিকা ছিল কিন্তু 6ই জানুয়ারির কর্মকাণ্ড আমাদের সুনামকে ক্ষতিগ্রস্ত করেছে। নির্বাচিত কর্মকর্তাদের আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি রক্ষার জন্য সাধ্যমতো সবকিছু করতে হবে। | 6ই জানুয়ারি আমাদের দেখিয়েছে আমাদের গণতন্ত্র কত ভঙ্গুর অবস্থায় রয়েছে। আমাদের দরকারে ব্যালট বক্সে অ্যাক্সেস আরও বাড়ানো, লোকজন যেভাবে ভোট দিতে চান তা আরও সহজ করে তোলা- আগে ভোট, মেলে ভোট বা একই দিনে ভোটার রেজিস্ট্রেশন সহ নির্বাচনের দিনেই ভোটদান। |

## রুবাইয়া রহমান ✓

গণতান্ত্রিক

NYC-তে জননিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানের জামিন সংস্কার আইনটির পুনর্বিবেচনার প্রয়োজন আছে কারণ এটি অপরাধ কমাতে কার্যকর হয়নি। এই সমস্যা সমাধানে ব্যর্থ হলে অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে। কার্যকর জননিরাপত্তা ব্যবস্থাকে অগ্রাধিকার দেওয়া অপরিহার্য।

মুদ্রাস্ফীতি নিম্ন আয়ের পরিবারের ক্ষতি করছে, খাদ্যের মতো আইটেম ক্রয় করা কঠিন করে তুলছে। আমি সাশ্রয়ী মূল্যের আবাসন, মানসম্পন্ন স্বাস্থ্যসেবা এবং শিক্ষার পক্ষে কথা বলে মুদ্রাস্ফীতি রোধে কাজ করব। এটি একটি স্থিতিস্থাপক এবং ন্যায়সঙ্গত কমিউনিটি তৈরি করবে যাতে প্রত্যেকে উন্নতি করতে পারে।

কর্তৃত্ববাদের বিপদ শুধুমাত্র স্বতন্ত্র রাজনীতিবিদদের মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং রাজনৈতিক দলগুলোর গণতান্ত্রিক নীতিকে সমুন্নত রাখতে ব্যর্থতা এবং মেরুকরণে ইন্ধন জোগায়। আমি আমাদের গণতন্ত্র রক্ষা করতে এবং সমস্ত নিউ ইয়র্ক বাসীর অধিকার ও স্বাধীনতা রক্ষার জন্য কাজ করব।


# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করুন

আমাদের অনলাইন অনুশীলনমূলক ব্যালটে আপনার পছন্দগুলি রেঙ্ক করার চেষ্টা করুন! আপনার ব্যালটটি সঠিকভাবে পূরণ হয়েছে কিনা বা আপনি কোনও ত্রুটি হলে এটি কীভাবে ঠিক করবেন তা আমরা আপনাকে জানাব।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/practice-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 24 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## প্রার্থীদের ভিডিও দেখুন

প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/candidates**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 25

**গণতান্ত্রিক**

- ফাতিমা বেরিয়াব*
- শেকর কৃষ্ণাণ ✓
- রিকার্ডো জে পাচেকো ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন** **পৃষ্ঠা 45.**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, দেখুন bengali.nycvotes.org/candidates.**

* এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## শেকর কৃষ্ণাণ ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সবার জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবা
2. পার্ক উন্নত করুন/ খোলা জায়গা প্রসারিত করুন
3. শৈশব শিক্ষায় বিনিয়োগ করুন

*"আপনার কাউন্সিলের সদস্য এবং NYC সরকার নির্বাচিত প্রথম ইন্ডিয়ান-আমেরিকান হিসাবে, আমাদের কমিউনিটির প্রাপ্য সম্পদ এবং সবার জন্য কাজ করে এমন একটি সিটির জন্য লড়াই চালিয়ে যেতে আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।*

*এল্মহার্স্ট হাসপাতালের জীবন রক্ষাকারী বিনিয়োগগুলি থেকে শুরু করে অভিবাসী পরিবারদের সহায়তা করার জন্য নতুন কর্মসূচি, আমাদের কমিউনিটির প্রথম সরকারি ডগ রান, সিটির ইতিহাসে পার্কগুলির জন্য সবচেয়ে বড় বাজেট পর্যন্ত আমরা যা অর্জন করেছি তার জন্য আমি গর্বিত।*

*একসাথে, আমরা এমন একটি সিটি গড়ে তুলতে পারি যেখানে প্রত্যেকের স্বাস্থ্যসেবা, পার্ক এবং খোলা জায়গার প্রবেশাধিকার থাকবে এবং যেখানে সমস্ত ওয়ার্কিং ফ্যামিলি বিনামূল্যে শৈশবকালীন যত্ন পাবে।*

*এই ভবিষ্যতটির জন্যই আমি লড়াই চালিয়ে যাব।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** নাগরিক অধিকারের আইনজীবী

**শিক্ষা:** কুপার ইউনিয়ন (ইঞ্জিনিয়ারিং), মিশিগান আইন স্কুলের ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কাউন্সিলের সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## রিকার্ডো জে পাচেকো ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. শিক্ষা
3. সত্যিকারের সবুজ স্থান

*"আমার নাম রিকার্ডো পাচেকো, এবং আমি জ্যাকসন হাইটস এবং এলমহার্স্ট-এর প্রতিনিধিত্বকারী সিটি কাউন্সিল আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।*

*আমি একজন অভিবাসী; NYC সরকারি স্কুল সিস্টেমের একটি পণ্য; US মেরিনের গর্বিত প্রবীণ; অবসরপ্রাপ্ত NYPD সার্জেন্ট; SELFHELP/NORC সিনিয়র উপদেষ্টা বোর্ডের বর্তমান সভাপতি; জ্যাকসন হাইটস কোপস অ্যালায়েন্সের প্রেসিডেন্ট; IS145-এ প্রাক্তন PTA প্রেসিডেন্ট; 7 বছর ধরে আমার সমবায়ের জন্য বোর্ডের সভাপতি; একজনের গর্বিত পিতা এবং তিনজনের দাদা; গর্বিত এবং প্রফুল্ল Latino মানুষ এবং সমকামী অফিসার অ্যাকশন লিগের প্রাক্তন VP।*

*আমি আমাদের কমিউনিটির একজন সমর্পিত এবং বিনম্র সদস্য যে শুধু পরিবর্তন চাই। আমি শ্রদ্ধার সাথে আপনাদের ভোট চাইছি।"*

**বর্তমান পেশা:** অবসর প্রাপ্ত NYPD সার্জেন্ট

**পূর্ববর্তী পেশাগুলি:** NYPD সার্জেন্ট

**শিক্ষা:** জন জে কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** NORC, মৈত্রী, লক্ষ্য

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** US মেরিনস, NYPD

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **ফাতিমা বেরিয়াব***<br>গণতান্ত্রিক | **শেকর কৃষ্ণাণ** ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | সবাই নিরাপত্তা অনুভব করার যোগ্য – বাড়িতে হাঁটার সময়, পাতাল রেলে বা উপাসনার স্থানে। নিরাপত্তা আমাদের সরকার সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব। মানসিক স্বাস্থ্য ও আবাসন থেকে শুরু করে কমিউনিটি সেন্টার পর্যন্ত আমাদের ব্যাপক সমাধানের দরকার। আমরা আগেভাগে বিনিয়োগ করে কমিউনিটিগুলিকে নিরাপদ রাখি। |
| **মুদ্রাস্ফীতি** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | যখন প্রতিটি নিউ ইয়র্ক বাসীর, তাদের পরিবার এবং তাদের প্রতিবেশীদের কাছে উন্নতির জন্য সম্পদ থাকে, তখন আমাদের অর্থনীতির কাছেও তা থাকে। মুদ্রাস্ফীতি মোকাবেলার সবচেয়ে কার্যকর উপায় হল এমন একটি সিটি গড়ে তোলা যেখানে প্রত্যেকে একটি মর্যাদাপূর্ণ মজুরি অর্জন করে এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবা, একটি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং শিশুর যত্ন থাকে। |
| **গণতন্ত্র রক্ষা** | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | ভোটপ্রদান একটি মৌলিক অধিকার। সবাই বৈষম্যমুক্ত এই অধিকার প্রয়োগ করতে পারে তা নিশ্চিত করার মাধ্যমে আমরা আমাদের গণতন্ত্র রক্ষা করি। আমাদের ভোটপ্রদানকে আরও সহজ ও সহজলভ্য করতে হবে। কাউন্সিলের সদস্য হিসেবে আমি ভোটপ্রদানের অধিকারসমূহ রক্ষার জন্য কঠোর সংগ্রাম করেছি এবং চালিয়ে যাবো। |

## রিকার্ডো জে পাচেকো ✓

গণতান্ত্রিক

আমি পর্যাপ্ত সম্পদ সহ পুলিশিং করার একটি ভারসাম্যপূর্ণ পদ্ধতির সমর্থন করি সম্প্রসারিত মানসিক স্বাস্থ্য পরিষেবার সাথে জনসাধারণকে নিরাপদ রাখতে যারা এই পরিষেবাগুলির প্রয়োজন তাদের সেবা করার জন্য।

স্থায়ী এবং নিম্ন-আয়ের পরিবারগুলি তাদের আয়ের একটি বড় অংশ আবাসন, বিদ্যুৎ, পরিবহন এবং খাবারের মতো প্রয়োজনীয় জিনিসগুলিতে ব্যয় করে।

ক্ষুদ্র ব্যবসা এবং ছোট জমির মালিকদের ট্যাক্স রিলিফ প্রদান করা। চাকরি সৃষ্টি। সাশ্রয়ী মূল্যের পরিবহন।

আমি একটি শক্তিশালী ক্যাম্পেইনের অর্থব্যবস্থাকে সমর্থন করি এবং সকলের ভোটপ্রদানের অধিকারসমূহ যাতে সুরক্ষিত হয় তা নিশ্চিত করি। ভোটার অংশগ্রহণে উৎসাহিত করুন।

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 26

**গণতান্ত্রিক**

- হেইলি কিম ✓
- জুলি ওঁন ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং ইস্যু অবস্থানের তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## হেইলি কিম ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. শিক্ষার কাটতির ক্ষতিপূরণ করা হচ্ছে
2. সাশ্রয়ী মূল্যের আবাসন এবং ভাড়াটে সুরক্ষা
3. জাতিগত এবং অর্থনৈতিক বিচার

*"হেইলি দক্ষিণ কোরিয়া-র সিউল-এ জন্মগ্রহণ করেন এবং কুইন্স-এর Sunnyside-এ বেড়ে ওঠেন। একজন শিক্ষাবিদ এবং কর্মী, হেইলি তার পুরো ক্যারিয়ার জুড়ে নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য লড়াই করে চলেছেন। তিনি একজন নখবিদ এবং হোম কেয়ার ওয়ার্কার এর গর্বিত কন্যা। হেইলি নিউ ইয়র্ক বাসী ওয়ার্কিং ক্লাস যেসকল সংগ্রামের মুখোমুখি হতে হয় তা জানেন এবং সেই চ্যালেঞ্জগুলিকে আরও গভীর করতে জাতি এবং অর্থনৈতিক অবস্থা যে ভূমিকা পালন করে তা বোঝেন। হেইলি সিটি হলে আপনাদের পরিবারের উকিল হবেন এবং আমাদের স্কুল এবং কমিউনিটির জন্য ফান্ডিং কাটা বাতিল করতে অক্লান্ত পরিশ্রম করবেন।"*

**বর্তমান পেশা:** সহযোগী, SUNY ওল্ড ওয়েস্টবেরি

**পূর্ববর্তী পেশাগুলি:** আবাসন অর্গানাইজার, মিঙ্কওয়ান সেন্টার ফর কমিউনিটি অ্যাকশন; সহযোগী, হান্টার কলেজ

**শিক্ষা:** MA-হান্টার কলেজ; BA-SUNY ক্রয়

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আমেরিকার ডেমোক্রেটিক সোশ্যালিস্ট, ওয়ার্কিং ফ্যামিলি পার্টি

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## জুলি ওঁন

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী মূল্যের আবাসন এবং ব্যাপক পরিকল্পনা
2. শিক্ষা এবং গ্রীনস্পেসে বিনিয়োগ করা
3. কমিউনিটি-ভিত্তিক জননিরাপত্তা নিশ্চিত করা

*"কাউন্সিলের সদস্য হিসাবে, আমি সিটি হলে আমাদের কমিউনিটির কণ্ঠস্বর হতে পেরে সম্মানিত! আমার প্রথম বছরে, আমি ডিস্ট্রিক্ট সমস্ত NYCHA বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন 1,622 ইউনিট, গ্যারান্টিযুক্ত বিনামূল্যের WiFi, কেবল এবং সেল পরিষেবা অনুমোদন করেছি এবং আমাদের আশেপাশের জন্য $50 মিলিয়নেরও বেশি তহবিল সুরক্ষিত করেছি -- আমাদের স্থানীয়দের জন্য $11 মিলিয়ন সহ স্কুল, এবং আমাদের পার্ক আপগ্রেড করার জন্য $15 মিলিয়ন অনুমোদন করেছি। একজন স্থানীয় মা, অভিবাসী এবং ভাড়াটে হিসাবে, আমি সাশ্রয়ী মূল্যের আবাসন সংকটের অবসান ঘটাতে এবং শহরের সরকার আরও ভালোভাবে সেবা দিতে লড়াই করছি।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** ডিজিটাল স্ট্র্যাটেজি কনসালটেন্ট

**শিক্ষা:** সিরাকিউজ ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** কাউন্সিলের সদস্য হিসেবে বর্তমানে কেউ নেই

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড 2, কুইন্স বরো সভাপতি 2020 জনগণনা সম্পূর্ণ গণনা কমিটি: প্রতিষ্ঠাতা প্রযুক্তি অ্যাকশন গ্রুপ

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা**
**nycvotes.org/stay-informed-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **হেইলি কিম** ✓<br>গণতান্ত্রিক | **জুলি ওঁন** ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | দারিদ্রতার সাথে লড়াই করে, আবাসন অ্যাক্সেস প্রদান করে এবং মানসিক স্বাস্থ্য পরিষেবায় ফান্ডিংয়ের মাধ্যমে আমাদের অপরাধের মূল কারণগুলিকে মোকাবেলা করতে হবে। কমিউনিটিগুলিকে একত্রিত করা, বাইস্ট্যান্ডার ইন্টারভেনশন প্রোগ্রাম, এবং জীবন মানের উন্নতি কমিউনিটির নিরাপত্তার চাবিকাঠি। | জননিরাপত্তা জন্য একটি সামগ্রিক সমাধানের জন্য আইন প্রয়োগের চেয়ে আরও বেশি কিছু প্রয়োজন। মানসিক স্বাস্থ্য সংস্থানগুলির জন্য ফান্ডিং বৃদ্ধি, পুনরুদ্ধারমূলক ন্যায়বিচারের মডেল সম্প্রসারণ, কাজের সুযোগ বৃদ্ধি এবং সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের মাধ্যমে অপরাধের মূল কারণগুলিকে আমাদের অবশ্যই চিকিৎসা করতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | অনেক পরিবার স্বাস্থ্যকর মুদিখানার পণ্যদ্রব্যের মতো মৌলিক প্রয়োজনীয় জিনিসগুলি বহন করতে পারে না কারণ মজুরি স্থবির হয়ে যাওয়ার কারণে দাম বেড়ে যায়। মুদ্রাস্ফীতির প্রভাবগুলি ইতিমধ্যেই দুর্বল নিউ ইয়র্ক বাসীদের জন্য অর্থনৈতিক বিপর্যয় সৃষ্টি করছে না তা নিশ্চিত করার জন্য আমাদের অবিলম্বে সিটির বাজেটে সংস্থানগুলিকে নির্দেশ করতে হবে। | একজন ভাড়াটিয়া এবং একজন অভিভাবক হিসাবে, আমি ক্রমবর্ধমান ভাড়া এবং আমাদের আশেপাশে বসবাসের খরচ ক্রমাগত বৃদ্ধির প্রভাব অনুভব করি। এই কারণেই আমি আমাদের আশেপাশের এলাকাগুলির জন্য সরাসরি শহরের তহবিলে $50 মিলিয়নেরও বেশি সুরক্ষিত করেছি এবং গভীরভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন জন্য ঐতিহাসিক পরিমাণে লড়াই করেছি। |
| **গণতন্ত্র রক্ষা** | এ দেশে গণতন্ত্র আক্রমণের মুখে। আমি নিউ ইয়র্ক সিটিকে অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্র আলোকবর্তিকা হিসেবে নিশ্চিত করতে কাজ করব, ভোটপ্রদানের অধিকারসমূহ সম্প্রসারণ এবং নিবন্ধন হার বৃদ্ধি থেকে ভোটে ভোটপ্রদানকারীদের প্রবেশাধিকার উন্নত করার কাজ করব। | কাউন্সিলের সদস্য হিসেবে, আমার দায়িত্ব হল আমার নির্বাচকদের ভোট দেওয়ার অধিকার রক্ষা করা এবং ব্যালটে পথের বাধা দূর করা। আমি সম্পূর্ণরূপে ভোটপ্রদানকারীদের অধিকার রক্ষা, আগাম ভোট সময় এবং অবস্থানগুলি প্রসারিত করতে, ডাকযোগে ভোটপ্রদানকে সহজতর করতে এবং আরও অনেক কিছুকে সমর্থন করি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 27 এবং 28 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পছন্দগুলি আপনার পোল সাইটে সাথে নেওয়ার জন্য সংরক্ষণ করে রাখুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 29

**গণতান্ত্রিক**

- ইথান মাইকেল ফেল্ডার ✓
- লিন সি শুলম্যান ✓
- সুখী সিং ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং ইস্যু অবস্থানের তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।

---



## ইথান মাইকেল ফেল্ডার ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. শিক্ষার জন্য পর্যাপ্ত ফান্ডিং।
2. জনগণের এবং ট্রাফিকের নিরাপত্তা।
3. নতুন সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন।

*"একজন আইনজীবী এবং কমিউনিটির উকিল হিসাবে আমি সরকারি স্কুলের অভিভাবক, দীর্ঘদিনের কমিউনিটির নেতাদের এবং প্রতিবেশীদের সাথে জড়িত শিক্ষার্থীদের নিয়ে গঠিত এই ক্যাম্পেইনের জন্য গর্বিত যা আমাদের চ্যালেঞ্জগুলি মোকাবেলা করার জন্য আমাদের প্রয়োজন।"*

**বর্তমান পেশা:** শ্রমিকদের আইনজীবী

**পূর্ববর্তী পেশাগুলি:** প্রাতিষ্ঠানিক আইনজীবী

**শিক্ষা:** JD/MBA ওয়াশিংটন ইউনিভার্সিটি ইন সেন্ট লুইস, B.A. কর্নেল ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** টাউনসেন্ড হ্যারিস হাই স্কুল অ্যালুমনি অ্যাসোসিয়েশন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** সদস্য, কমিউনিটি বোর্ড 6 2016-2022 নির্বাচিত গণতান্ত্রিক পার্টি ডিস্ট্রিক্ট নেতা 2020-2022

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## লিন সি শুলম্যান ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. স্বাস্থ্যসেবা উন্নতি বিধান করা; হাসপাতালের ধারণক্ষমতা তৈরী করা
2. আমাদের স্থানীয় বিদ্যালয়ে বিনিয়োগ
3. আমাদের সিনিয়র এবং অবসরপ্রাপ্তদের সহায়তা প্রদান করা

*"স্বাস্থ্যসেবাকে সাশ্রয়ী এবং সমস্ত নিউ ইয়র্কবাসীরকাছে অ্যাক্সেসযোগ্য করার জন্য আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার প্রথম মেয়াদে, হেলথ কমিটির চেয়ারপার্সন হিসেবে, আমি মহিলাদের স্বাস্থ্যের উন্নতি, প্রথম সিটিওয়াইড ডায়াবেটিস কমানোর পরিকল্পনা প্রবর্তন এবং সিনিয়রদের জন্য স্বাস্থ্যের বিকল্পগুলি উন্নত করে সিটিকে স্বাস্থ্যকর করতে সাহায্য করেছি।*

*যেহেতু আমরা আমাদের জীবনকে সবচেয়ে খারাপ জনস্বাস্থ্য সংকট থেকে পুনরুদ্ধার করেছি, এখন আগের চেয়ে অনেক বেশি, ফরেস্ট হিলস, কেউ গার্ডেন, রিচমন্ড হিল এবং রেগো পার্ক প্রতিনিধিত্বকারী সিটি কাউন্সিল একটি শক্তিশালী, স্বাধীন, কণ্ঠস্বর থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** NYC স্বাস্থ্য ও হাসপাতাল কর্পোরেশন; FDNY-EMS

**শিক্ষা:** হার্ভার্ড এক্সিকিউটিভ লিডারশিপ প্রোগ্রাম; JD - ব্রুকলিন আইন স্কুল; BA - NYU

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** CB 6, CEC 28, 112তম পেটেণ্ট কোঅপারেশন ট্রিটি কাউন্সিল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল; NYS অ্যাসেম্বলি সদস্য;

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## সুখী সিং ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. শিক্ষার বাজেট হ্রাসে না বলুন
2. নিরাপদ রাস্তাঘাট তৈরিতে দায়বদ্ধ হন
3. ভাড়া স্থিতিশীলকরণের আইন বাড়ানো

*"1-"না" ভোট দিন শিক্ষার জন্য কোনও সিটি বাজেট কাটের ক্ষেত্রে*

*2-সকল স্থানীয় কমুনিটির জন্য নিরাপদ রাস্তা তৈরি করতে এবং ঘৃণামূলক অপরাধ ও সহিংসতা মোকাবেলা করতে প্রতিশ্রুতিবদ্ধ হন*

*3-ভাড়া স্থিতিশীল আইন প্রসারিত করুন এবং এখন কাজ করে না এমন কয়েক দশকের পুরনো আইনে পরিবর্তনের প্রস্তাব করে ভাড়াটে এবং বাড়িওয়ালা উভয়কে রক্ষা করুনা*

*4-সমস্ত সরকারে সকল ভাষার প্রবেশাধিকার নিশ্চিত করুন। সংস্থা এবং বিভাগ*

*5-সেন্ট্রাল ও সাউথ ইস্টার্ন কুইনসের জন্য স্থানান্তরের অ্যাক্সেসযোগ্যতা বাড়াতে কুইনসলিঙ্ককে সহায়তা করুন"*

**বর্তমান পেশা:** IT পরামর্শদাতা

**পূর্ববর্তী পেশাগুলি:** IT পরামর্শদাতা

**শিক্ষা:** কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** শিখ কালচারাল সোসাইটি ইনকর্পোরেটেড.

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডিস্ট্রিক্ট লিডার প্রার্থী 2022

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **ইথান মাইকেল ফেল্ডার** ✓<br>গণতান্ত্রিক | **লিন সি শুলম্যান** ✓<br>গণতান্ত্রিক |
|---|---|---|
| **অপরাধ** | অপরাধের একটি কার্যকর প্রতিক্রিয়ার মধ্যে অবশ্যই ক্রমবর্ধমান সহিংসতার মূল কারণগুলিকে মোকাবেলা করার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা, পুলিশকে তাদের পরিষেবা চালানোর জন্য যথাযথ ফান্ডিং করা এবং প্রশিক্ষণ এবং জননিরাপত্তা বাজেটের সিদ্ধান্তগুলিতে কমিউনিটির অংশগ্রহণ অন্তর্ভুক্ত করতে হবে। | জনগণকে নিরাপদ বোধ করানোই সরকার প্রথম দায়িত্ব। জননিরাপত্তা একটি জটিল সমস্যা যার জন্য সহিংসতা বাধাদানকারীদের জন্য ফান্ডিং, মানসিক স্বাস্থ্য পরিষেবা বৃদ্ধি, NYPD-তে জড়িত হওয়া এবং আমাদের কমিউনিটির অংশীদারদের কাছ থেকে ইনপুট সহ অনেক স্তরের বিনিয়োগের প্রয়োজন। |
| **মুদ্রাস্ফীতি** | আমাদের অর্থনীতির উৎপাদন ক্ষমতা সম্প্রসারণের মাধ্যমে পারিবারিক বাজেটে আঘাত হানছে এমন মুদ্রাস্ফীতির মোকাবেলা করতে হবে। আমি গণপরিবহন পুনরুজ্জীবিত করতে, নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ এবং স্বাস্থ্যসেবা ক্রমবর্ধমান ব্যয় নিয়ন্ত্রণে আরও বিনিয়োগের পক্ষে কথা বলব। | আমরা আমাদের জীবনের সবচেয়ে খারাপ জনস্বাস্থ্য সংকট থেকে পুনরুদ্ধার করার সাথে সাথে, মুদ্রাস্ফীতি নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে, ওয়ার্কিং ফ্যামিলিগুলিকে আঘাত করছে। আমি মুদ্রাস্ফীতির হারের উপর ভিত্তি করে বার্ষিক ন্যূনতম মজুরি বাড়ানোর জন্য NYS প্রণীত আইন কে সমর্থন করি। এটি কর্মরত নিউ ইয়র্কবাসীদের জন্য আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করবে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের স্থানীয় গণতন্ত্র যাতে সুস্থ থাকে তার জন্য নির্বাচিত কর্মকর্তাদের কর্মক্ষমতা বা তার অভাবের জন্য আমাদের জবাবদিহিতা প্রয়োজন। আমাদের ডিস্ট্রিক্ট জন্য কী অর্জন করা হয়েছে তার মূল্যায়নের পরিবর্তে রাজনৈতিক সংযোগের ভিত্তিতে প্রার্থীতা নির্ধারণ করা হয়। | স্বাধীনতার মূল্যবোধ এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধা গণতন্ত্র অপরিহার্য উপাদান। আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে জাতীয় ও স্থানীয়ভাবে ক্ষমতার অপব্যবহার থেকে রক্ষা করতে হবে। |

## সুখী সিং ✓

গণতান্ত্রিক

| |
|---|
| ঘৃণাসূচক অপরাধ ও সাধারণ হিংসা নিয়ন্ত্রণ করার জন্য বিভিন্ন শিক্ষামূলক প্রোগ্রামে ফান্ডিং দিয়ে সব কমিউনিটির জন্য রাস্তাঘাট সুরক্ষিত করতে প্রতিশ্রুতি নেওয়া |
| আমাদের উচিত স্থানীয় কৃষক, নির্মাতা ও স্থানীয় ক্ষুদ্র ব্যবসাগুলিকে অর্থায়ন করে সবকিছু বাইরে থেকে আমদানি করার পরিবর্তে ঘরেই উৎপাদন করা |
| আমরা বিশ্বের সবথেকে পুরনো গণতন্ত্র এবং এটিকে স্বচ্ছ ও ন্যায়সঙ্গত রাখতে আমাদেরকে সঠিক অর্থায়ন করে আমাদের নির্বাচনী পর্ষদকে সম্পূর্ণ সম্পদশালী করে রাখতে হবে |

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করুন

**আমাদের অনলাইন অনুশীলনমূলক ব্যালটে আপনার পছন্দগুলি রেঙ্ক করার চেষ্টা করুন! আপনার ব্যালটটি সঠিকভাবে পূরণ হয়েছে কিনা বা আপনি কোনও ত্রুটি হলে এটি কীভাবে ঠিক করবেন তা আমরা আপনাকে জানাব।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/practice-ballot-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 30, 31 এবং 32 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## NYC Votes কে ফলো করুন

নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!

**@nycvotes**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 34

**গণতান্ত্রিক**

- জেনিফার গুটিয়েরেজ ✓
- পেপারবয় এল প্রিন্স*
- অ্যাঞ্জেল সান্তিয়াগো*

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরো জানুন পৃষ্ঠা 45.**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, দেখুন bengali.nycvotes.org/candidates.**

* এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## জেনিফার গুটিয়েরেজ ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ইউনিভার্সাল চাইল্ড কেয়ার
2. ভাড়াটেদের সুরক্ষা জোরালো ও প্রসারিত করা
3. পরিবেশগত সুবিচার

*"জেনিফার গুটিয়েরেজ হলেন একজন সংগঠন, অ্যাক্টিভিস্ট ও মিত্র। এক দশকের বেশি সময় ধরে, জেনিফার পরিবারগুলিকে প্রভাবিত করা সমস্যা নিয়ে কাজ করছেন যাদেরকে এখন তিনি উপস্থাপনাও করছেন। কুইন্সে কলম্বিয়ান অভিবাসীদের ঘরে জন্মানো ও বেড়ে ওঠা জেনিফার এক-কামরার অ্যাপার্টমেন্টে বড় হয়েছেন ও সরকারি স্কুলে গেছেন। অনেক কম বয়স থেকেই তিনি প্রবক্তার ভূমিকা পালন করছেন, যখন তার বাবা অক্ষম হয়ে পড়েন এবং তাকে বিমা কোম্পানির সাথে লড়াই করতে হয়, নিজের মায়ের সাথে পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজে সাথ দিয়ে তাঁর বেতন অনুবাদ করার ও বেতন নিয়ে দর কষাকষি করতে সাহায্য করতেন। অফিসে ব্যয়িত সময়ে তিনি সাশ্রয়ী আবাসন, স্কুল ও ডে-কেয়ারে ফান্ডিং করা, ব্রডব্যান্ড দেওয়ার সাম্য ও অ্যাক্সেস এবং সোশ্যাল সার্ভিসে বাজেট কাটছাঁটের ব্যাপারে লড়েছেন যা আমাদের কমিউনিটিগুলির অত্যন্ত বেশি করে দরকার।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** কর্মী প্রধান

**শিক্ষা:** ইউনিভার্সিটি অফ আলবানি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare** এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **জেনিফার গুটিয়েরেজ** ✓<br>গণতান্ত্রিক | **পেপারবয় এল প্রিন্স***<br>গণতান্ত্রিক | **অ্যাঞ্জেল সান্তিয়াগো***<br>গণতান্ত্রিক |
|---|---|---|---|
| **অপরাধ** | আমাদের বাচ্চাদের হাত থেকে বন্দুক সরানো, এমন কমিউনিটি সংস্থানে ফান্ডিং বাড়ানো দরকার যা কার্যকর হবে বলে আমরা জানি: মানসিক স্বাস্থ্য ও মাদক অপব্যবহারের পরিষেবা, সম্মানজনক আবাসন ও স্কুলে হিংসায় হস্তক্ষেপ। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **মুদ্রাস্ফীতি** | প্রতিদিন নিউ ইয়র্কবাসীরা দুইবেলা দুই মুঠো জোগাড় করার জন্য কষ্ট করেন; ভাড়া আকাশচুম্বী এবং দুধ ও ডিমের দাম এবং সবথেকে বেশি। এখন আমাদেরকে এমন পরিবারগুলিকে সহায়তা দেওয়ার জন্য পুরো সরকার জুড়ে সোশ্যাল সার্ভিসে জোরদার বিনিয়োগ করার কথা ভাবতে হবে যাদের সত্যিই সাহায্যের সবথেকে বেশি দরকার। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |
| **গণতন্ত্র রক্ষা** | আমি 'মাই সিটি মাই ভোটের' অনেকদিন ধরেই প্রবক্তা রয়েছি এবং মনে করি প্রত্যেক নিউ ইয়র্কবাসী, তা সে তার অভিবাসন স্থিতি যাইহোক না কেন, তিনি আমাদের শহরে নিজের ভোট দিতে সক্ষম হওয়া উচিত। আমি একই দিনে ভোটার রেজিস্ট্রেশন আরোপ করার ব্যাপারে স্টেটকেও জোর দেব। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। | প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি। |

# NYC Votes সম্পর্কে

**NYC Votes হচ্ছে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ, একটি স্বতন্ত্র সিটি এজেন্সি যা নিশ্চিত করে যে স্থানীয় নির্বাচনগুলি যাতে ন্যায্য, সর্বব্যাপী এবং উন্মুক্তভাবে হয়।**

আমরা ভোটার ও প্রার্থীদের মধ্যে অংশগ্রহণ করার ব্যাপারটিকে সমানভাবে উৎসাহ দেই যাতে আমাদের নির্বাচিত কর্মকর্তারা আমাদের বিভিন্ন কমিউনিটির চাহিদাগুলি এবং ভোটাররা যে বিষয়গুলি নিয়ে চিন্তা করেন সেগুলির সমাধান করতে পারেন।

নিউ ইয়র্কের এমন বাসিন্দা যারা ভোটদান করতে চান না তাদের ক্ষমতায়ণ করার মাধ্যমে, অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে বাঁধাগুলি হ্রাস করার মাধ্যমে, এবং আমাদের নির্বাচন ব্যবস্থা উন্নয়নের জন্য সমাধান প্রদান করার মাধ্যমে আমরা এটি করে থাকি। শহরব্যাপী ভোটারদের নিবন্ধিত করতে, শিক্ষা প্রদান করতে এবং অংশগ্রহণ করাতে NYC Votes কমিউনিটির প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, এবং অন্যান্য সিটি এজেন্সিগুলির সঙ্গে অংশীদারত্ব করে। আমাদের লক্ষ্য হল আমাদের নির্বাচন কীভাবে কাজ করে এবং কেন সেগুলি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সৎ সংলাপের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে আরও বৃহত্তর ধারণা তৈরি করা।

1988 সালে প্রতিষ্ঠিত, এজেন্সিটি নিউইয়র্কের অধিবাসীদের, তাদের ব্যালটের প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং কীভাবে তাদের ক্যাম্পেইন ফান্ডিং করা হবে, এই সম্পর্কে প্রস্তুত করে। আমাদের ম্যাচিং ফান্ড প্রোগ্রাম লোকাল ডোনারের কাছ থেকে প্রতি $1 সিটি ফান্ডিংয়ের $8 পর্যন্তর সাথ মেলায়, যা সিটি র প্রার্থীদের স্পেশাল ইন্টারেস্টের পরিবর্তে তাদের কমিউনিটিগুলিতে ফোকাস করতে উৎসাহিত করে.

## ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**শহরের প্রার্থীদের প্রতি আপনার অবদান আরও বেশি কাজে লাগে যখন আপনি এমন প্রার্থীদের সমর্থন করেন যারা শহরের ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণ করেন। শহরের বাসিন্দাদের তরফ থেকে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রতি অনুদান $8-থেকে-$1-এর হিসাবে মিলানো যেতে পারে। তার মানে আপনি যখন $10 অবদান রাখেন, তখন প্রার্থী $90 পান।**

এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করে যে ক্যাম্পেইনগুলি যাতে নিউ ইয়র্ক বাসীদের কাছ থেকে ছোট ডলারের অনুদান দ্বারা ফান্ড করা হয়, বিশেষ স্বার্থ দ্বারা নয়। এর মানে হচ্ছে এও যে, যে প্রার্থীরা ধনী নন কিন্তু তাদের শক্তিশালী কমিউনিটির সমর্থন আছে তারা প্রতিদ্বন্দ্বিতা করে আরও বৈচিত্র্যময় এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরি করার সামর্থ্য রাখতে পারেন। নিউ ইয়র্ক সিটির 2021 সালের নির্বাচনে, স্থানীয় প্রার্থীদের 83% এরও বেশি বলেছিলেন যে অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার তাদের ক্ষমতার জন্য ম্যাচিং ফান্ডসই চাবিকাঠি ছিল।

**অবদান রাখুন**
**contribute.nycvotes.org-এ**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সাধারণ

### প্রাথমিক নির্বাচন কী?

এটি আসলে নির্বাচনের আগের নির্বাচন। প্রাথমিক নির্বাচনে, সাধারণ নির্বাচনে আপনার পার্টির মনোনীত প্রার্থী কোন প্রার্থী হবেন তা আপনি নির্ধারণ করেন। প্রাথমিক নির্বাচনে ভোট দিতে আপনাকে অবশ্যই কোনো পার্টির সদস্য হতে হবে।

### আমি কি 27 জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারি?

আপনি ভোট দিতে পারেন যদি আপনি নিউ ইয়র্কের একটি নির্বাচনে প্রতিভাগি পার্টিতে নিবন্ধিত থাকেন। নিবন্ধনের শেষ তারিখ হচ্ছে **17 জুন**।

### আমি ভোটপ্রদান করতে নিবন্ধন করেছি কি না তা কীভাবে যাচাই করতে পারবো?

**voterlookup.elections.ny.gov**-এ যান বা **866-VOTE-NYC (866-868-3692)** বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।

### যদি গত ভোটপ্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই নিবাসস্থান পরিবর্তন করে থাকি?

আপনি যদি নিবাসস্থান পরিবর্তন করে থাকেন, তবে নতুন ভোটার নিবন্ধন ফর্ম নির্বাচন বোর্ডে জমা দিয়ে আপনার ঠিকানা পরিবর্তন করবেন। আপনার ঠিকানা পরিবর্তন **12 জুনের** মধ্যে নির্বাচন বোর্ডের কাছে পৌঁছে যেতে হবে। শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া করা হয়েছে কিনা তা জানতে **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।

যদি আপনার ঠিকানা এখনও আপডেট করা না হয়, তাহলে আপনি আপনার পোল সাইটে এফিডেভিট ব্যালটের অনুরোধ করে আপনার নতুন ঠিকানায় নির্ধারিত পোল সাইটে ভোট দিতে পারেন।

## ডাক যোগে ভোট দিন

### অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করার বৈধ কারণগুলি কী?

আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন যদি আপনি নির্বাচনের দিন নিউ ইয়র্ক সিটি থেকে দূরে থাকেন, যদি অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে, যদি অসুস্থ বা শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য প্রাথমিক যত্ন প্রদানকারী হন, যদি একজন ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশন হাসপাতালের বাসিন্দা বা রোগী হন, বা আপনি যদি কারাবাসে বা বিচারের অপেক্ষায় থাকেন। আপনি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মে আপনার কারণ চিহ্নিত করতে পারেন।

### যদি আমি অনুপস্থিত ব্যালটের জন্য অনুরোধ করে থাকি, তবেও কি আমারসশরীরে ভোট দেওয়ার যোগ্য থাকবে?

আপনি যদি একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেন, তাহলে আপনার এটি দিয়েই ভোট দেওয়ার পরিকল্পনা করা উচিত। ভোট চালু থাকাকালীন আপনার পূরণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালট যেকোনো ভোটকেন্দ্রে আপনি পৌঁছে দিতে পারবেন। তবে, যদি আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরেও সশরীরে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দিতে হবে। এই ব্যালটটি দেখতে ভিন্ন হবে। যদি প্রয়োজন হয় তাহলে একজন ভোট কর্মীর সহায়তা চান।

### আমি যদি আমার ব্যালট ডাকযোগে পাঠাই তাহলে কি আমাকে স্ট্যাম্প ব্যবহার করতে হবে?

না, আপনাকে স্ট্যাম্প যোগ করতে হবে না। তবে, যত তাড়াতাড়ি সম্ভব আপনার ব্যালট ফেরত পাঠানোর বিষয়টি ভুলবেন না। এটি বৈধ হওয়ার জন্য নির্বাচনের দিন পর্যন্ত পোস্টমার্ক করা হয়ে যাওয়া আবশ্যক।

### আমি কি আমার পোল সাইটে আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পৌঁছে দিতে পারি?

হ্যাঁ! আপনি যেকোনো NYC পোল সাইটে বা নির্বাচন বোর্ডের অফিসে আপনার সম্পূর্ণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালটটি গিয়ে পৌঁছে দিতে পারেন। ব্যালট বক্সগুলো ফ্রন্টডেস্কে থাকবে। আপনাকে পোস্টেজ যোগ করতে হবে না।

### আমি আমার ব্যালট ফেরত দেওয়ার পরে ট্র্যাক করতে পারি কি?

হ্যাঁ! **nycabsentee.com/tracking**-এ যান।

### যদি আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালটে কোন সমস্যা থাকে তাহলে কী হবে? আমি কি এটা ঠিক করার সুযোগ পাব?

যদি আপনার ব্যালটের খামে স্বাক্ষর অনুপস্থিত বা ভুল স্বাক্ষরের মত সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে সে সম্পর্কে আপনাকে অবহিত করতে নির্বাচন বোর্ড আইনত বাধ্য। যদি আপনার ব্যালটে সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে ত্রুটি খুঁজে পাওয়ার 1 দিনের মধ্যে ডাকযোগে, ইমেইলে এবং ফোন (যদি উপলব্ধ থাকে) দ্বারা তারা আপনার সাথে যোগাযোগ করবে। তারপরে একটি স্বাক্ষরিত নিশ্চিতকরণ ফেরত দিয়ে ত্রুটি সংশোধন করার জন্য আপনার কাছে 7 কার্যদিবস পর্যন্ত সময় থাকবে।

### আরো প্রশ্ন আছে কি?

**bengali.nycvotes.org/faqs**-এ যান! এছাড়াও আপনি আমাদের **nycvotes@nyccfb.info**-এ ইমেল করতে পারেন, অথবা Instagram, Twitter, Facebook, বা TikTok (**@nycvotes**)-এ আমাদের মেসেজ করতে পারেন।

## র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা

### র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা কীভাবে কাজ করে?

শুধুমাত্র একজনকে চয়ন করার জায়গায় আপনি আপনার পছন্দ অণুযায়ী ক্রমে 5 জন পর্যন্ত প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করতে পারবেন। যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি পেয়ে যায়, তবে সে নির্বাচনে জয়ী হবে। যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি না পায়, তাহলে রাউন্ডে গণনা চলতে থাকবে। প্রত্যেক রাউন্ডের শেষে, সবচেয়ে কমসংখ্যক ভোট পাওয়া প্রার্থী বাতিল হয়ে যাবে। যদি আপনি ঐ প্রার্থীকে প্রথমে র‍্যাঙ্ক করেন, তবে আপনার ভোট, আপনার ব্যালটের পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে স্থানান্তরিত হবে। এই প্রক্রিয়াটি অব্যাহত চলবে, যতক্ষণ না কেবল দুই জন প্রার্থী অবশিষ্ট থাকবে। সবচেয়ে বেশি ভোট পাওয়া প্রার্থী জয়ী হবে।

### আমি কি শুধু একজন প্রার্থীকেও ভোট দিতে পারি?

হ্যাঁ। আপনি যদি চান, তাহলে আপনি কেবলমাত্র আপনার প্রথম পছন্দের প্রার্থীকেই ভোট দিতে পারেন। যাইহোক, অন্যান্য প্রার্থীদের র‍্যাঙ্ক প্রদান আপনার প্রথম পছন্দকে ক্ষতি করবে না। যদি আপনার একমাত্র পছন্দ বাতিল হয়ে যায়, তবে আপনার ভোটটি নির্বাচনের ফলাফলের উপর কোন প্রভাব ফেলবে না।

### আমাকে কি মোট 5 জন প্রার্থীকে র‍্যাঙ্ক করতে হবে?

না। আপনি পাঁচজন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করতে পারেন, তবে আপনার মোট পাঁচজনকে র‍্যাঙ্ক না করলেও হবে।

### আমি কি আমার প্রিয় প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক দিতে পারি?

না। আপনি যদি আপনার পছন্দের প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করেন, যেমন আপনার 1ম, 2য়, 3য়, 4র্থ এবং 5ম পছন্দ হিসাবে, তাহলে শুধুমাত্র আপনার প্রথম র‍্যাঙ্কিংটিকেই গণনা করা হবে। একই প্রার্থীকে একাধিক র‍্যাঙ্ক দেওয়ার কোনো কৌশলগত সুবিধা নেই।

### আমি কি একাধিক প্রার্থীকে আমার প্রথম পছন্দ হিসেবে র‍্যাঙ্ক দিতে পারি?

না। আপনি প্রতিটি র‍্যাঙ্কিংয়ের জন্য শুধুমাত্র একজন প্রার্থীকেই বেছে নিতে পারবেন। আপনি প্রথম পছন্দ হিসেবে একাধিক প্রার্থীকে বেছে নিলে, আপনার ব্যালটটি বৈধ হবে না।

### আমি যদি পাঁচজন প্রার্থীকে র‍্যাঙ্ক করি, তাহলে পাঁচটি ভোটই কি গণনা করা হবে?

না। শুধুমাত্র আপনার একটি ভোটই গণনা করা হবে। আপনার ভোট শুধুমাত্র সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে গণনা করা হবে, যে এখনও বাতিল হয়নি। যদি আপনার শীর্ষস্থানীয় পছন্দের প্রার্থী বাতিল হয়ে যায়, তবে আপনার ভোটটি পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে গণনা কর হবে।

### আমি র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা নির্বাচনের ফলাফল কখন পাওয়ার প্রত্যাশা করতে পারি?

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার নির্বাচনের চূড়ান্ত ফলাফলগুলি জানা যাবে না যতক্ষণ পর্যন্ত সমস্ত অনুপস্থিত ব্যক্তির এবং সেনাবাহিনীর ব্যালটগুলি গণনা করা না হয়, যা কিনা নির্বাচনের দিনের পরে কয়েক সপ্তাহ লেগে যেতে পারে।

### কীভাবে আমি র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার দ্বারা রাইট-ইন প্রার্থীর জন্য ভোটদান করব?

যে প্রার্থীর নাম ব্যালটে নেই তাকে ভোট দেওয়ার জন্য, "রাইট-ইন" লাইনে তাদের নাম লিখুন এবং আপনার রাইট-ইন পছন্দকে র‍্যাঙ্ক করতে ডিম্বাকারটি পূরণ করুন।

### আমি যদি আমার ব্যালটে ভুল করে থাকি তবে ভোটপ্রদান করার মেশিনটি কি আমাকে তা বলবে?

আপনি যদি ব্যক্তিগতভাবে ভোট দেন, তাহলে স্ক্যান করার সময় একাধিক প্রার্থীকে আপনি একই র‍্যাঙ্কিং দিলে ভোটপ্রদান করার মেশিন আপনাকে জানিয়ে দেবে। আপনি যদি কোনো ভুল করে ফেলেন, তাহলে একটি নতুন ব্যালটের জন্য একজন ভোট কর্মীকে বলতে পারবেন। যদি আপনি কোন র‍্যাঙ্কিং বাদ দিয়ে যান বা একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করেন, তাহলে ভোটপ্রদান করার মেশিন আপনাকে জানাবে না, কারণ সেই পরিস্থিতিতে আপনার শীর্ষ-পছন্দের ভোটটিই গণনা করা হবে।

## নির্বাচন বোর্ডের সঙ্গে আপনার তথ্য আপডেট করুন।

নিউ ইয়র্ক সিটি নির্বাচন বোর্ড দ্বারা তদারকি করা নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে আমরা আপনার নাম এবং ঠিকানা পেয়েছি।

যদি আপনি মেইলে এই ভোটারের গাইড টি পেয়ে থাকেন, কিন্তু আপনি সেই নির্ধারিত ব্যক্তি না হন, কিংবা নির্ধারিত ব্যক্তিকে যদি অপসারণ করা হয়ে থাকে কিংবা তাঁর মৃত্যুহয়ে থাকে, তাহলে নির্বাচনের বোর্ডকে জানান, যেন তাঁরা তাদের রেকর্ড সংশোধন করতে পারেন।

## ভোটার গাইড সম্পর্কে

NYC VOTES

আইন অনুসারে, NYC Votes-কে সিটি নির্বাচনের জন্য নিউ ইয়র্ক সিটিতে এমন প্রতিটি বাড়িতে একটি ভোটার গাইড পাঠাতে হবে যেখানে একজন নিবন্ধিত ভোটার রয়েছে। আমরা প্রতিটি নিবন্ধিত ভোটারকে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় এবং আদমশুমারির তথ্যের ভিত্তিতে লক্ষ্যযুক্ত এলাকার ভোটারদের আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান, পোলিশ, পাঞ্জাবি, রাশিয়ান এবং উর্দুতে একটি গাইড পাঠাই।

**আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের সম্পর্কে জানতে bengali.nycvotes.org/candidates-এ যান।**

নিউ ইয়র্ক সিটি 2023 প্রাথমিক নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা কপিরাইট © 2023। সকল অধিকার সংরক্ষিত। বেলওয়েদার এজেন্সি দ্বারা ডিজাইন করা। USA-তে তৈরি

## নির্বাচন বোর্ড (Board of Elections) সঙ্গে যোগাযোগ করুন।

নির্বাচন বোর্ড আমাদের নির্বাচনগুলি পরিচালনা করে এবং নিবন্ধিত ভোটারদের ডেটাবেজ ব্যবস্থাপনা, ভোট দানের স্থানসমূহ পর্যবেক্ষণ করা, ব্যালটগুলি গণনা করা, এবং নির্বাচনের ফলাফলগুলি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ। আপনি আপনার ভোটার রেজিস্ট্রেশন আপডেট করতে পারেন, অনুপস্থিত ব্যালটের আবেদন করতে পারেন, পোলের কর্মী কিংবা ভাষাগত অনুবাদকের জন্য আবেদন, নিউইয়র্ক সিটির বোর্ড অফ ইলেকশনসের সঙ্গে আরও অনেক কিছু করতে পারেন ।

### কাজের নিয়মিত সময়সূচী

সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার, এবং নির্বাচনের দিনে ও নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে। কাজের সময়সূচীর জন্য **vote.nyc**-এ গিয়ে দেখুন।

866-VOTE-NYC
(TTY 212-487-5496
শ্রবণ প্রতিবন্ধীদের জন্য)

**আরও জানতে vote.nyc-এ যান।**

| | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| সাধারণ অফিস | 32-42 Broadway, 7th Floor<br>New York, NY 10004 | 212-487-5400 |
| ব্রঙ্কস | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457 | |
| ব্রুকলিন | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | |
| ম্যানহাটন | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014 | |
| কুইন্স | 118-35 Queens Boulevard, 11th Floor<br>Forest Hills, NY 11375 | |
| স্টেটেন আইল্যান্ড | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305 | |